হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৪৬ ঃ মেহেরপুর- শনিবার ২০ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ৫ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ২৬ রবি,আউ ১৪৪৭ হিজিরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



চলন্ত ট্রেন থেকে ঝাঁপ, গুরুতর আহত নায়িকা-পৃষ্ঠা-৩

## নিম্নকক্ষ আসনভিত্তিক উচ্চকক্ষ পিআর পদ্ধতিতে হবে: বদিউল আলম

নিজস্ব প্রতিবেদক

গতকাল শুক্রবার (১৯ সেপ্টম্বর) সকালে মেহেরপুরের গাংনী উপজেলা পরিষদ সভাকক্ষে সু-শাসনের জন্য নাগরিক (সুজন) আয়োজিত এক মতবিনিময় সভায় নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশনের প্রধান ও সুজনের সম্পাদক ড. বদিউল আলম মজুমদার বলেন, "নিম্নকক্ষ হবে আসনভিত্তিক এবং উচ্চকক্ষ হবে প্রোপোরশনাল রেপ্রেজেন্টেশন (পিআর) পদ্ধতিতে। দুটিরই ইতিবাচক ও নেতিবাচক দিক রয়েছে। তবে আমরা মনে করি, এটি প্রবর্তন করা দরকার। আমরা আশাবাদী যে, ঐক্যমতের মাধ্যমে একটি সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠিত হবে।" সভায় দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ, পিএফজি, ইয়ুথ লিডার ও সুজন নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময় করেন তিনি। অনুষ্ঠানে প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার ও দি হাঙ্গার প্রজেক্ট কেন্দ্রীয় সমন্বয়কারী তাজিমা হোসেন মজুমদার, গাংনী উপজেলা সুজন সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক,

২-এর পৃষ্ঠা দেখুন




# বাংলাদেশের যাত্রা শুরু হয়েছিল মেহেরপুর থেকে

### ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের নতুন ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে ড. বদিউল আলম মজুমদার

নিজস্ব প্রতিবেদক

নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশন প্রধান ড. বদিউল আলম মজুমদার বলেছেন, বাংলাদেশের প্রথম যাত্রা শুরু হয়েছিল মেহেরপুর থেকে। তাই মেহেরপুরকে দেশের এক নম্বর জেলায় পরিণত করতে চাই। এ জন্য আমরা গর্বিত। তিনি বলেন, মেহেরপুরের স্বাস্থ্য, শিক্ষা, পয়ঃনিষ্কাশন ও অর্থ-সামাজিক উন্নয়নে সারা বাংলাদেশের জন্য দৃষ্টান্ত স্থাপন করা উচিত। গাংনীতে যে উন্নয়ন হয়েছে, সেই উন্নয়নের ছাপ গোটা মেহেরপুর জেলাতেই দেখতে চাই। তিনি আরও আশা প্রকাশ করেন, প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দারের শ্রম ও প্রচেষ্টায় একদিন মেহেরপুর উন্নয়নের দ্বারপ্রান্তে পৌছাবে। সরকারি সব কর্মকর্তা এই উন্নয়নে সহযোগিতা করবেন বলেও তিনি বিশ্বাস প্রকাশ করেন। গতকাল শুক্রবার (১৯ সেপ্টেম্বর) বিকেলে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের ৮ তলা নতুন ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। ভবন

২-এর পৃষ্ঠা দেখুন

### গাংনীতে সরগরম প্রচার-প্রচারণা

# বিএনপির মনোনয়ন প্রত্যাশী তিন নেতা, অন্যরা একক

নিজস্ব প্রতিবেদক



আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মেহেরপুর-২ (গাংনী) আসনে শুরু হয়েছে সরগরম প্রচার-প্রচারণা। এ আসনে বিএনপির তিন নেতাসহ জামায়াত, এনসিপি ও ইসলামী শাসনতন্ত্র আন্দোলন প্রার্থী ঘোষণা করেছে। ফলে মাঠে ইতিমধ্যেই নির্বাচনী আমেজ বইতে শুরু করেছে।

২০০৮ সালের নির্বাচনে খুলনা বিভাগের মাত্র দুটি আসনে বিজয়ী হয়েছিল বিএনপি, তার একটি ছিল গাংনী। সে আসনে বিজয় এনে দিয়েছিলেন জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আমজাদ হোসেন। আবারও তিনি দলকে জয় উপহার দেওয়ার আশাবাদ ব্যক্ত করেছেন। বিএনপির মনোনয়ন প্রত্যাশীদের মধ্যে রয়েছেন জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, সাবেক এমপি আমজাদ হোসেন এবং গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু। তারা পৃথকভাবে দলের ঘোষিত ৩১ দফা কর্মসূচি নিয়ে প্রচারণায় নেমেছেন। তবে মাঠের প্রচারণায় এগিয়ে রয়েছেন সাবেক এমপি আমজাদ হোসেন। অন্যদিকে, জেলা জামায়াতের শূরা সদস্য ও গাংনী উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মো. নাজমুল হুদাকে একক প্রার্থী ঘোষণা করেছে। এনসিপি কেন্দ্রীয় কমিটির আইন বিষয়ক যুগ্ম মুখ্য সমন্বয়ক অ্যাডভোকেট শাকিল আহমেদকেও প্রার্থী করেছে

২-এর পৃষ্ঠা দেখুন



## সীমান্তে পুশ-ইন : মুজিবনগরের ঘটনায় নতুন শঙ্কা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর সীমান্তে আবারও ঘটলো এক পরিবারের পুশ-ইন। শুক্রবার দুপুরে আন্তর্জাতিক সীমানা পিলার ১০৫ নম্বর এলাকায় পতাকা বৈঠকের মাধ্যমে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) চারজন বাংলাদেশিকে বিজিবির কাছে হস্তান্তর করে। হস্তান্তর হওয়া

২-এর পৃষ্ঠা দেখুন

## ঝিনাইদহে চোর সন্দেহে যুবককে পিটিয়ে হত্যা

ঝিনাইদহ প্রতিবেদক

ঝিনাইদহে চোর সন্দেহে সুজন হোসেন (৩৫) নামের এক যুবককে পিটিয়ে হত্যা করা হয়েছে। গতকাল শুক্রবার( ১৯ সেপ্টম্বর) দুপুর ১২টার দিকে জেলা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। নিহত সুজন হোসেন শহরের হামদহ পাওয়ারহাউজ পাড়ার বাসিন্দা। পুলিশ ও স্থানী-য়রা জানায়, গত বুধবার রাতে ঝিনাইদহ জেলা সদর হাসপাতালে এক নারীর ভ্যানিটি ব্যাগ চুরির অভিযোগে সুজনকে হাসপাতাল চত্বরে আটকিয়ে রেখে মারপিট করা হয়। সে

২-এর পৃষ্ঠা দেখুন



## বদিউল আলমের সাথে পিএফজি ও ওয়াইপিএজির মত বিনিময়

নিজস্ব প্রতিবেদক

নাগরিক সংগঠন সুশাসনের জন্য নাগরিক সুজনের প্রতিষ্ঠাতা সম্পাদক, জাতীয় ঐক্যমত কমিশনের সদস্য এবং দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের সাবেক কান্ট্রি ডিরেক্টর ড. বদিউল আলম মজুমদার ও প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দারের সাথে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় সভা করেছে পিএফজি ও ওয়াইপিএজির

২-এর পৃষ্ঠা দেখুন

## সাহিত্য ও শিক্ষায় এক অনন্য পথিক জয়নুল

মুহম্মদ মহসীন



সাহিত্য সভ্য ও সুন্দর মানুষের জীবনে অনুপ্রেরণার অমূল্য শক্তি। ছোটবেলায় শব্দ ও কাহিনীর প্রতি আকৃষ্ট হয়ে ওঠেন কবি জয়নুল ইসলাম রাজু। শিক্ষক বাবার প্রেরণায় তাঁর কিশোর বেলাতেই শুরু হয় শব্দের সঙ্গে গভীর বন্ধুত্ব। রঙের মতো রঙ মেলানোর মতোই তিনি ছন্দে ছন্দে শব্দের মেলবন্ধন ঘটাতে থাকেন। এই বন্ধুত্বের যাত্রা আজও অব্যাহত। ২০০৬ সাল থেকে তিনি নিয়মিত সাহিত্যচর্চায় সম্পৃক্ত। কবিতা, প্রবন্ধ, ছড়া এবং ভ্রমণকাহিনীপ্রায় সব ক্ষেত্রে তিনি সমান দক্ষতা দেখিয়েছেন। তার লেখায় মানবিকতা, সামাজিক সচেতনতা এবং ভাবনার গভীরতা স্পষ্টভাবে প্রতিফলিত হয়। প্রিয় কবিতা ও সাহিত্যকর্ম কবিতার মধ্যে উল্লেখযোগ্য: তুমি ভালো আছো ফেলানী, হারানো শৈশব, তুমি কথা রাখোনি, তুমি চাইলেই, এক মুঠো ভাত চাই, ভ্রমণকাহিনীর মধ্যে বিশেষভাবে প্রশংসিত হয়েছে: নীলগিরি থেকে ফেরার পথে, অচেনা গন্তব্যে, প্রবন্ধের ক্ষেত্রেও তিনি ভাবনার গভীরতা এবং বিশ্লেষণধর্মী চিন্তাধারা উপস্থাপন করেছেন। উল্লেখযোগ্য প্রবন্ধগুলো হলো: বিবেক যখন ঘুণ ধরে, মানুষ আশরাফুল মাখলুকাত, সত্যিই বিচিত্র। একটি কবিতার শিরোনাম "নন্দিনী" এর প্রথম পংক্তিতে তিনি লিখেছেন: "কোনদিনও ফিরবে না জেনেও এখনো প্রতীক্ষায় থাকি তোমার ফিরে আসার" ড্যা পাঠকের মনে গভীর ছাপ রেখেছে। উনার সাহিত্যিক প্রেরণা জুগিয়েছেন, কাজী নজরুল ইসলাম, রবীন্দ্রনাথ ঠাকুর, শরৎচন্দ্র চট্টোপাধ্যায় এবং বিভূতিভূষণ

২-এর পৃষ্ঠা দেখুন




## মুজিবনগরে আইবিডব্লিউএফ-এর উদ্যোগে দারসুল কুরআন

নিজস্ব প্রতিবেদক

ন্ডাস্ট্রিয়ালিস্টস এন্ড বিজনেসমেন ওয়েলফেয়ার ফাউন্ডেশন (আইবিডব্লিউএফ) মুজিবনগর উপজেলা শাখার উদ্যোগে গতকাল শুক্রবার (১৯.০৯.২৫) সকালে উপজেলা কার্যনির্বাহী কমিটির সদস্যদের নিয়ে দারসুল কুরআন অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানটি মুজিবনগর শাখা অফিস মিলনায়তনে হয়। আইবিডব্লিউএফ মুজিবনগর উপজেলা শাখার সভাপতি মোঃ সেলিম হোসেন খান

২-এর পৃষ্ঠা দেখুন

## হেফাজতে ইসলাম বিএনপির দিকে, ইসলামী দল জামায়াতে

সূর্যোদয় প্রতিবেদন

আগামী নির্বাচনকে কেন্দ্র করে কওমি মাদ্রাসাভিত্তিক দলগুলোর মধ্যে বিভক্তি তৈরি হয়েছে। জুলাই সনদের পূর্ণাঙ্গ বাস্তবায়ন দাবিতে একাধিক ইসলামি দল জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন যুগপৎ আন্দোলনে যোগ দিলেও হেফাজতে ইসলাম রয়েছে বিএনপির কাছাকাছি। জামায়াতপন্থি খেলাফত মজলিস, বাংলাদেশ খেলাফত মজলিস, খেলাফত আন্দোলন, নেজামে ইসলাম পার্টি ও ইসলামী আন্দোলন বাংলাদেশ (চরমোনাই পীরের নেতৃত্বাধীন) যুগপৎ আন্দোলনে যুক্ত হলেও হেফাজতের শীর্ষ নেতৃত্ব জামায়াতের বিরোধিতা করছে। সংগঠনটির নিবন্ধিত দল

২-এর পৃষ্ঠা দেখুন

## ফারদিন এর শাপলা কাব অ্যাওয়ার্ড অর্জন

নিজস্ব প্রতিবেদক



মুজিবনগর উপজেলার আনন্দবাস সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির ছাত্র মো: ফারদিন হোসেন কাব স্কাউটের সর্বোচ্চ সম্মানজনক "শাপলা কাব অ্যাওয়ার্ড" অর্জন করেছেন। এ বছর মেহেরপুর জেলার মধ্যে একমাত্র কাব স্কাউট হিসেবে এই প্রতিযোগিতায় তার নাম এসেছে।

ফারদিন হোসেনের পূর্ব অর্জনের মধ্যে রয়েছে২০২৪ সালে খুলনা বিভাগের তৃতীয় সেরা কাব স্কাউট নির্বাচিত হওয়া। ২০২৫ সালে অনুষ্ঠিত জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতায় মেহেরপুর জেলার মধ্যে একক অভিনয় এবং উপস্থিত বক্তৃতায় প্রথম স্থান অর্জনের পর খুলনা বিভাগীয় পর্যায়ে একক অভিনয়ে দ্বিতীয় স্থান লাভ করেন। ফারদিন হোসেন আনন্দবাস সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো: ফারুক হোসেনের সন্তান।

## পিআরের ফয়সালাও গণভোটে চায় জামায়াত ও চরমোনাই

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন জাতীয় নির্বাচনে অনুপাতিক প্রতিনিধিত্ব (পিআর) পদ্ধতি চালুর বিষয়ে গণভোট দাবি জানিয়েছে জামায়াতে ইসলামী ও চরমোনাই পীরের নেতৃত্বাধীন ইসলামী আন্দোলন বাংলাদেশ। তাদের সঙ্গে যুগপৎ আন্দোলনে থাকা আরও পাঁচ দলও নির্বাচনের আগে জুলাই সনদ বাস্তবায়ন, সাংবিধানিক আদেশ এবং গণভোটের দাবি তুলেছে। গতকাল বৃহস্পতিবার রাজধানীতে পৃথক সমাবেশ ও বিক্ষোভ কর্মসূচিতে এ দাবি জানায় দলগুলো। বায়তুল মোকাররম জাতীয় মসজিদের দক্ষিণ গেটে জামায়াতের সমাবেশ, উত্তর গেটে ইসলামী আন্দোলন ও বাংলাদেশ খেলাফত মজলিসের কর্মসূচি

২-এর পৃষ্ঠা দেখুন



## আলমডাঙ্গায় ২০১ বোতল মদসহ পাঁচজন আটক

চুয়াডাঙ্গা প্রতিবেদক

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার খুদিয়াখালী গ্রাম থেকে গতকাল শুক্রবার (১৯ সেপ্টেম্বর) ভোর সাড়ে পাঁচটার দিকে ২০১ বোতল কেরুজ মদসহ পাঁচজনকে আটক করেছে যৌথ বাহিনী। আটককৃতরা হলেন: খুদিয়াখালী গ্রামের কালিদাসের ছেলে চরণদাস (৩৩), চয়ন দাসের স্ত্রী আরতি দাস (৩০), মাধব দাসের ছেলে সঞ্জয় দাস (২৫), জয় দাস (১৯) এবং একই গ্রামের অধীর দেবনাথের ছেলে অখিল দেবনাথ (৩৮)। যৌথ বাহিনী সূত্রে জানা গেছে, হারদী সেনাবাহিনীর

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (ঘুষের টাকা না দেওয়াই বের করে দিল)

দুই জামানে ঠিক থাকবি
গোপনে বলবে তোকে
ঘুষের টাকা প্রকাশ্যে নিলে
জুতা মারবে লোকে।
ঘুষ বাণিজ্য বড় মধুর
যদি না জানে লোকে
জানলে দুদক একবার ধরলে
পড়বি মরণ ফাঁদে।
লক্ষ লক্ষ ঘুষের টাকায়
পেট ভরে নি তোর
পারবেনা দিতে একটি টাকাও
দেখবো এবার খুঁটির কত জোর।
আওয়ামী দোসর তোর ভাই
লোকে তাইতো বলে
এখনো তুই দাপট দেখাস
কোন ক্ষমতার বলে।




## সরকার পক্ষপাত করলে সুষ্ঠু নির্বাচন সম্ভব নয় : ড. ইফতেখারুজ্জামান

সূর্যোদয় প্রতিবেদন

নির্বাচনকালীন সরকার যদি পক্ষপাতমূলক আচরণ করে, তবে সুষ্ঠু নির্বাচন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন জাতীয় ঐকমত্য কমিশনের সদস্য ও ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)-এর

২-এর পৃষ্ঠা দেখুন

## পিআর নিয়ে আন্দোলন নির্বাচন নস্যাতের ষড়যন্ত্র: প্রিন্স

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির যুগ্ম মহাসচিব সৈয়দ এমরান সালেহ (প্রিন্স) দাবি করেছেন, পিআর পদ্ধতির নির্বাচনের নামে আন্দোলন হচ্ছে একটি ষড়যন্ত্র যা নির্বাচন নস্যাৎ করতে, গণতন্ত্রকে ব্যাহত করতে ও দেশকে বড় ধরনের বিপর্যয়ের দিকে ঠেলে দিতে পারে। তিনি বলেন, এই সুযোগে পালিয়ে গেলে ফ্যাসিবাদ আবার ফিরে আসতে পারে; বিশৃঙ্খলা ও নাশকতা সৃষ্টি হতে পারে। প্রিন্স আরও বলেন, অহেতুক আন্দোলনের নামে সামাজিক বিভাজন, উত্তেজনা ও বিশৃঙ্খলাও

২-এর পৃষ্ঠা দেখুন




## সুষ্ঠু নির্বাচন দিলে আওয়ামী লীগের এই পরিণতি হতো না: দুদু

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু বলেছেন, দেশে যদি সুষ্ঠু নির্বাচন হতো, তাহলে আওয়ামী লীগের আজকের এই করুণ পরিণতি দেখতে হতো না। শুক্রবার (১৯ সেপ্টেম্বর) জাতীয় প্রেস

২-এর পৃষ্ঠা দেখুন

## কিশোরগঞ্জ জেলা বিএনপির সম্মেলন শনিবার; ফজলুর রহমানকে রাখা হলোনা অতিথি তালিকায়

সূর্যোদয় প্রতিবেদন

দীর্ঘ নয় বছর পর শনিবার আজ (২০ সেপ্টেম্বর) কিশোরগঞ্জ জেলা বিএনপির ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। বেলা ১১টায় পুরাতন স্টেডিয়ামে সম্মেলনের উদ্বোধন করবেন বিএনপি মহাসচিব মির্জা

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ শনিবার ॥ ৫ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ২০ সেপ্টেম্বর ২০২৫ইং

# ৫০ লাখ প্রবাসী ভোটের টার্গেট ইসির, খরচ ৪০০ কোটি টাকা

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের নির্বাচনী ইতিহাসে এবার যুক্ত হতে যাচ্ছে এক নতুন অধ্যায়ড়'প্রবাসী ভোট'। দেশের বাইরে বিভিন্ন দেশে অবস্থানরত প্রায় ১ কোটি ৪০ লাখ প্রবাসী বাংলাদেশির মধ্যে অন্তত ৫০ লাখকে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটাধিকার নিশ্চিত করতে যাচ্ছে নির্বাচন কমিশন (ইসি)। এ উদ্যোগ বাস্তবায়নের জন্য সরকারের প্রায় ৪০০ কোটি টাকা ব্যয় ধরা হয়েছে। ইসি সচিব আখতার আহমেদ বলেন, "প্রবাসীদের ভোটাধিকার নিশ্চিত করতে পোস্টাল ব্যালটকে মাধ্যম হিসেবে বেছে নেওয়া হয়েছে। আমাদের লক্ষ্য অন্তত ৫০ লাখ প্রবাসী ভোটার। ভোটারপ্রতি ব্যয় প্রায় ৭০০ টাকা।" প্রবাসী ভোটের প্রক্রিয়া হবে আলাদা। প্রথমে প্রবাসীদের অনলাইনে নিবন্ধন করতে হবে এবং শর্ত হলোড়সচল জাতীয় পরিচয়পত্র (এনআইডি) থাকা। নিবন্ধন সম্পন্ন হলে ইসি তাদের ঠিকানায় পাঠাবে ব্যালট পেপার ও দুটি খাম। প্রার্থী নির্বাচন করে ব্যালট ভেতরের খামে রেখে রিটার্নিং কর্মকর্তার ঠিকানা লেখা খামে ডাকযোগে বাংলাদেশে পাঠাতে হবে। দেশে আসা ব্যালটগুলো জেলা প্রশাসকের কোষাগারে সংরক্ষণ করা হবে এবং ভোটের দিন সংশ্লিষ্ট আসনের ভোটের সঙ্গে গণনা করা হবে। প্রবাসীরা দেশের ভোট প্রদানের অন্তত ২০ দিন আগে ভোট প্রদান করবেন। ডাক বিভাগের হিসাব অনুযায়ী, বিশ্বের সবচেয়ে দূরের দেশেও একটি চিঠি পাঠাতে ও ফেরত আনতে সর্বাধিক ২৮ দিন সময় লাগে। এজন্য প্রবাসী ভোটাররা দেশীয় ভোটারদের আগে ভোট দেওয়ার সুযোগ পাবেন। ইসি প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়, জনশক্তি ব্যুরো, পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সি-বায়রাসহ বিভিন্ন সংস্থার তথ্য বিশ্লেষণ করে দেখেছে যে বিশ্বের ৪০টি দেশে বাংলাদেশি প্রবাসীর সংখ্যা বেশি। এ দেশগুলো হলোড় সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কুয়েত, ওমান, কাতার, বাহরাইন, লেবানন, জর্ডান, লিবিয়া, সুদান, মালয়েশিয়া, সিঙ্গাপুর, দক্ষিণ কোরিয়া, যুক্তরাজ্য, ইতালি, হংকং, মিশর, ব্রুনাই, মরিশাস, ইরাক, যুক্তরাষ্ট্র, কানাডা, জাপান, অস্ট্রেলিয়া, গ্রিস, স্পেন, জার্মানি, দক্ষিণ আফ্রিকা, ফ্রান্স, নেদারল্যান্ড, বেলজিয়াম, সুইজারল্যান্ড, ব্রাজিল, চীন, ইন্দোনেশিয়া, মালদ্বীপ, নিউজিল্যান্ড, রাশিয়া, তুরস্ক ও সাইপ্রাস। ইসি'র হিসাব অনুযায়ী, প্রবাসীদের প্রায় ৭০ শতাংশের এনআইডি রয়েছে। এর

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## সকালে লেবুপানি খেলে মিলবে যে উপকার

সূর্যোদয় প্রতিবেদন

প্রতিদিন সকালে আপনি নাশতা কী খেয়ে শুরু করছেন তা ঠিক করে দেয় সারাদিন আপনি কতটা এনার্জি পাবেন। বিশেষজ্ঞরা বলছেন, আপনার ভোর যদি হয় খালি পেটে পানি খেয়ে, তাহলেই তা দুরন্ত শুরু। কিন্তু এর সঙ্গে যদি যোগ করেন কুসুম গরম লেবুপানি, তবে তা আরও ভালো।
বলা হয়, খালি পেটে গরম পানি হজমশক্তি বাড়ায়, জোগায় তাৎক্ষণিক শক্তি। সঙ্গে নানা স্বাস্থ্যসুবিধা তো আছেই। এর সঙ্গে মাত্র এক চা চামচ লেবুর রস যোগ করলে এই পানীয় অঙ্ক গুণাবলীতে ভরপুর হয়ে ওঠে। কুসুম গরম লেবুপানি স্বাস্থ্যের কী কী উপকার করে, চলুন জেনে নেওয়া যাক:
হজম স্বাস্থ্যের উন্নতি হবে। ডিটক্সিফিকেশনে সাহায্য করে।শরীরে জলযোগ করে।ওজন কমাতে সাহায্য করে।ত্বককে করে উজ্জ্বল দীপ্তিময় রোগ প্রতিরোধক্ষমতা বাড়ায়। দেহকে ক্ষারীয় করে । বাসায় যেভাবে কুসুম গরম লেবুপানি বানাবেন : প্রথমে একটি পাত্রে কিছু পানি কুসুম গরম করুন। তা গ্লাসে ঢেলে এর মধ্যে ১ টেবিল চামচ লেবুর রস যোগ করুন। ভালোভাবে নাড়ুন। ব্যস, এবার খেয়ে ফেলুন।

## আফগানিস্তানের বাগরাম ঘাঁটি ফের নিয়ন্ত্রণে নিতে চায় যুক্তরাষ্ট্র

সূর্যোদয় প্রতিবেদন

আফগানিস্তানের বাগরাম বিমানঘাঁটি আবারও যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণে আনার চেষ্টা চলছে বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বৃহস্পতিবার লন্ডনে ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমারের সঙ্গে যৌথ সংবাদ সম্মেলনে এ বিষয়ে তিনি মন্তব্য করেন। ট্রাম্প বলেন, "আমরা এটা (বাগরাম ঘাঁটি) ফিরে পেতে চাই। এটি একটি কৌশলগত জায়গায় অবস্থিত, চীনের খুব কাছে।" বাগরাম ছিল একটি সোভিয়েত-নির্মিত সামরিক ঘাঁটি। ২০০১ সালের ৯/১১ হামলার পর আফগানিস্তানে যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীন সামরিক অভিযানে এটি দেশটির প্রধান মার্কিন ঘাঁটিতে পরিণত হয়। প্রায় দুই দশক ধরে এখান থেকেই আফগানিস্তানে সন্ত্রাসবিরোধী সামরিক অভিযান চালায় যুক্তরাষ্ট্র ও ন্যাটো বাহিনী।

৩-এর পৃষ্ঠা দেখুন



## সিংনগর বাঁওড় ভেঙে ব্রীজ ধসে পড়লো, শতাধিক মানুষ দুর্ভোগে

চুয়াডাঙ্গা প্রতিবেদক

চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার সিংনগর বাঁওড়ের বাঁধ ভেঙে প্রবল পানির স্রোতে একের পর এক ব্রীজ ধসে পড়ছে। মনোহরপুর, সন্তোষপুর, রাঙ্গিয়ারপোতা ব্রীজের পরে এবার সিংনগর ব্রীজও ধসে পড়েছে। ব্রীজটির চারপাশে ফাটল দেখা যাওয়ায় বর্তমানে পায়ে হেঁটে এবং দুই চাকার ছোট যানবাহনে চলাচল করা সম্ভব হচ্ছে। স্থানীয়রা জানিয়েছেন, ব্রীজটি ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে এবং বাকি অংশগুলোও ধসে পড়ার সম্ভাবনা রয়েছে। সীমান্তবর্তী হওয়ায় ব্রীজটি বিজিবি ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিয়মিত যাতায়াতের পথ। সিংনগর মৎস্যজীবী সমিতির সদস্যদের দায়ী করে শুক্রবার (১৯ সেপ্টেম্বর) সকাল ৮টায় এলাকাবাসী

৩-এর পৃষ্ঠা দেখুন

## বাংলাদেশ শেষ চারে, প্রথম প্রতিপক্ষ শ্রীলঙ্কা

সূর্যোদয় প্রতিবেদন

এশিয়া কাপ টি-টোয়েন্টিতে বাংলাদেশ শেষ চারে পৌঁছেছে। 'বি' গ্রুপের রানার্সআপ হিসেবে সুপার ফোরে জায়গা করে নেয়া টাইগারদের প্রথম প্রতিপক্ষ ২০ সেপ্টেম্বর দুবাইয়ে শ্রীলঙ্কা। বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) গ্রুপের শেষ ম্যাচে আফগানিস্তানকে ৬ উইকেটে হারিয়ে শ্রীলঙ্কা 'বি' গ্রুপ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। বাংলাদেশ তিন ম্যাচের মধ্যে দু'টিতে জয় নিয়ে গ্রুপ রানার্সআপ হিসেবে সুপার ফোরে ওঠে। গ্রুপ পর্যায়ে শ্রীলঙ্কার প্রতি সমর্থন ছিল স্বার্থসংশ্লিষ্ট। আফগানিস্তানকে হারানোই ছিল বাংলাদেশের শেষ চারে ওঠার পথ। ১৬৯ রানের লক্ষ্যে আফগানদের ১৮ দশমিক ৪ ওভারে হারিয়ে টাইগাররা নিশ্চিত করে নিজেদের অবস্থান। তবে হংকংয়ের বিপক্ষে বড় জয় না পাওয়া এবং শ্রীলঙ্কার বিপক্ষে হারের কারণে নেট রানরেটে

৩-এর পৃষ্ঠা দেখুন



## সউদী-পাকিস্তান ঐতিহাসিক চুক্তি: বদলে দিচ্ছে আঞ্চলিক ভূরাজনীতি

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ এবং সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমান বুধবার (১৮ সেপ্টেম্বর) রিয়াদে এক যুগান্তকারী কৌশলগত পারস্পরিক প্রতিরক্ষা চুক্তি (এসএমডিএ) স্বাক্ষর করেছেন। এর মধ্য দিয়ে দুই মুসলিম প্রধান রাষ্ট্রের আট দশকের কূটনৈতিক সম্পর্ক নতুন মাত্রা পেল। চুক্তি স্বাক্ষরের আনুষ্ঠানিকতায় শাহবাজ শরিফকে দেয়া হয় লালগালিচা সংবর্ধনা, সৌদি এফ-১৫ যুদ্ধবিমানের উড়োজাহাজ প্রদর্শনী এবং পূর্ণ রাজকীয় প্রটোকল। চুক্তিতে বলা হয়েছেড়এক দেশের ওপর আগ্রাসনকে উভয় দেশের ওপর আগ্রাসন হিসেবে গণ্য করা হবে। পাশাপাশি যৌথ সামরিক প্রশিক্ষণ, প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদন এবং সৌদিতে পাকিস্তানি সেনা মোতায়েনের সুযোগও এতে অন্তর্ভুক্ত। পাকিস্তানের পররাষ্ট্র

২-এর পৃষ্ঠা দেখুন

## ইসরায়েলের বিরুদ্ধে আন্তর্জাতিক আদালতে যাওয়ার উদ্যোগ কাতারের

সূর্যোদয় প্রতিবেদন

দোহায় ইসরায়েলি বিমান হামলার ঘটনায় আন্তর্জাতিক অপরাধ আদালতে (আইসিসি) আইনি পদক্ষেপ নিতে উদ্যোগী হয়েছে কাতার। বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, পররাষ্ট্র বিষয়ক প্রতিমন্ত্রী মোহাম্মদ বিন আবদুলআজিজ আল-খুলাইফি নেদারল্যান্ডসের হেগে আইসিসি প্রেসিডেন্ট তোমোকো আকানে ও ডেপুটি প্রসিকিউটর নাজহাত শামীম খানের সঙ্গে বৈঠক করেছেন। সেখানে ৯ সেপ্টেম্বরের দোহা হামলাকে আন্তর্জাতিক অপরাধ হিসেবে পর্যালোচনা এবং রোম স্ট্যাটিউটের আওতায় জবাবদিহির সম্ভাব্য পথ নিয়ে আলোচনা হয়। আল-খুলাইফি বলেন, আন্তর্জাতিক আইনের প্রতি কাতারের অঙ্গীকার দৃঢ়। দেশের সার্বভৌমত্ব রক্ষায় সব

৩-এর পৃষ্ঠা দেখুন



## মোহামেডানকে হারিয়ে টানা দ্বিতীয়বার চ্যালেঞ্জ কাপের শিরোপা কিংসের

সূর্যোদয় প্রতিবেদন

চ্যালেঞ্জ কাপের প্রথম আসর আয়োজিত হয় গত বছর। সেবার মোহামেডানকে হারিয়ে শিরোপা জেতে বসুন্ধরা কিংস। একই চিত্র চলতি বছরেও। মোহামেডানকে ৪-১ গোলে উড়িয়ে দিয়ে শিরোপা ধরে রাখল কিংস। কুমিল্লার শহীদ ধীরেন্দ্রনাথ স্টেডিয়ামে কিংসের

২-এর পৃষ্ঠা দেখুন

## ইরানের ক্ষেপণাস্ত্র পরীক্ষা নিয়ে গুঞ্জন: আঞ্চলিক উত্তেজনা বাড়ছে

সূর্যোদয় প্রতিবেদন

ইরানের রাজধানী তেহরানের কাছে বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) সন্ধ্যায় ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস (আইআরজিসি) সন্দেহভাজন ক্ষেপণাস্ত্র পরীক্ষা চালিয়েছে বলে খবর পাওয়া গেছে। আইআরজিসির ঘনিষ্ঠ কয়েকটি গণমাধ্যম এই তথ্য প্রকাশ করলেও বিষয়টি এখনো ইরানি কর্তৃপক্ষের তরফে স্বাধীনভাবে যাচাই করা হয়নি। মিয়ামি হেরাল্ড জানিয়েছে, তেহরানসহ উত্তর-পূর্বাঞ্চলীয় শহর গোরগান, সারি ও সেমনানের আকাশে আলোর রেখা ছুটে যাওয়ার দৃশ্য

৩-এর পৃষ্ঠা দেখুন



## কন্যাসন্তানকে জ্যান্ত পুঁতে দেওয়া হলো ভারতে

সূর্যোদয় প্রতিবেদন

সদ্যোজাত কন্যাসন্তানকে জ্যান্ত মাটিতে পুঁতে দেওয়ার ঘটনা ঘটেছে ভারতের উত্তরপ্রদেশে। সম্প্রতি উত্তরপ্রদেশের শাহজাহানপুরের একটি গ্রাম থেকে ওই সদ্যোজাতকে মাটি খুঁড়ে উদ্ধার করে পুলিশ। বর্তমানে নবজাতক কন্যাশিশুটিকে হাসপাতালে রাখা হয়েছে। ওই শিশুর

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে সবুজ মাল্টা চাষ: সম্ভাবনার নতুন দিগন্ত

নিজস্ব প্রতিবেদক

কৃষি সম্ভাবনার নতুন দিগন্ত উন্মোচন করেছে সবুজ মাল্টা চাষ। মেহেরপুরে দিন দিন এই চাষ জনপ্রিয় হয়ে উঠছে। কম খরচে দীর্ঘমেয়াদি লাভ, বাজারে ক্রমবর্ধমান চাহিদা ও চাষের সহজলভ্যতা কৃষকদের উৎসাহিত করছে মাল্টা চাষে ঝুঁকতে। চাষিরা

৩-এর পৃষ্ঠা দেখুন

প্রযুক্তি

## হঠাৎ মোবাইলের ডায়ালপ্যাড বদলে যাওয়ার কারণ ও সমাধান

সূর্যোদয় প্রতিবেদন

স্মার্টফোন ব্যবহারকারীদের মধ্যে সম্প্রতি দেখা দিয়েছে এক ধরনের সমস্যা, হঠাৎ করেই ফোনের ডায়ালপ্যাডের ডিজাইন ও বিন্যাস পরিবর্তিত হয়ে যাচ্ছে। এতে অনেকে বিভ্রান্ত হচ্ছেন এবং জরুরি সময়ে গুরুত্বপূর্ণ কলও করতে পারছেন না। প্রযুক্তি বিশেষজ্ঞরা বলছেন, এর পেছনে একাধিক কারণ থাকতে পারে। কখনো সফটওয়্যার আপডেট, কখনো অ্যাপের সাময়িক ত্রুটি, আবার অনেক সময় থার্ড-পার্টি ডায়ালার অ্যাপ ইনস্টল করা বা ফোনের সেটিংসে অনাকাঙ্ক্ষিত পরিবর্তন ঘটার ফলে ডায়ালপ্যাডের নকশা বদলে যেতে পারে। প্রযুক্তি বিশেষজ্ঞ মাজহারুল হক দিপলু জানিয়েছেন, প্রথমে ফোন রিস্টার্ট করে সমস্যা সমাধান চেষ্টা করা উচিত। তা কাজ না করলে ডায়ালার অ্যাপের ক্যাশে ও ডেটা ক্লিয়ার করা এবং অচেনা উৎস থেকে ইনস্টল করা অ্যাপ মুছে ফেলা দরকার। প্রয়োজনে ফোনে ডিফল্ট ডায়ালার অ্যাপ পুনঃসেট করলে সমস্যার সমাধান হতে পারে। বিশেষজ্ঞরা আরও সতর্ক করেছেন, একই সমস্যা বারবার দেখা দিলে নিকটস্থ সার্ভিস সেন্টারের সাহায্য নেওয়াই




৩-এর পৃষ্ঠা দেখুন

**মায়ের হাসি ক্লিনিক**
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
**নিয়মিত রোগী দেখেন**
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
**ডাঃ এম.র. মালিক**
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
**ডাঃ কানিজ নাঈমা**
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
**ডাঃ রুমানা হেলালী (জুসি)**
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
**ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন**
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
**ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ**
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

## ভারতীয় ব্যবসায়ীদের ভিসা বাতিল করেছে যুক্তরাষ্ট্র

সূর্যোদয় প্রতিবেদন

প্রাণঘাতী মাদক ফেন্টানিলের কাঁচামাল পাচারের অভিযোগে ভারতীয় কয়েকজন ব্যবসায়ী ও করপোরেট নেতার ভিসা বাতিল করেছে যুক্তরাষ্ট্র। বৃহস্পতিবার এক বিবৃতিতে নয়াদিল্লিস্থ মার্কিন দূতাবাস জানায়, সংশ্লিষ্ট ব্যক্তিদের ভিসা শুধু বাতিলই নয়, পরবর্তী সময়ে তাদের ভিসা আবেদনও প্রত্যাখ্যান করা হয়েছে। বৃহস্পতিবার এক প্রতিবেদনে এ খবর দিয়েছে বার্তা সংস্থা রয়টার্স। ফেন্টানিল প্রিকার্সর বা কাঁচামাল হলো সেই মূল রাসায়নিক উপাদান, যা থেকে প্রাণঘাতী সিন্থেটিক মাদক ফেন্টানিল তৈরি হয়। যুক্তরাষ্ট্রে মাদকজনিত অতিমৃত্যুর প্রধান কারণ এই ফেন্টানিল। দূতাবাসের পক্ষ থেকে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের নাম প্রকাশ করা

৩-এর পৃষ্ঠা দেখুন

**কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব**
আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
উরোলজি বিশেষজ্ঞ
**ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা**
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
মেডিসিন বিশেষজ্ঞ
**ডা. মো. আতিকুর রহমান**
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
**ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার**
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা|
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।
ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)
আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুষ্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয় | মেহেরপুর, শনিবার, ২০ সেপ্টেম্বর ২০২৫ ইং



## ৫০ লাখ প্রবাসী ভোটের টার্গেট

(শেষ পৃষ্টার পর)

মধ্যে প্রায় অর্ধেক ভোটার বাস্তবে ভোট দেবেন বলে আশা করছে কমিশন। রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, প্রবাসীদের ভোট নির্বাচনী রাজনীতিতে বড় ভূমিকা রাখতে পারে। শ্রমবাজার নির্ভর দেশগুলোতে দীর্ঘদিন ধরে ভোটাধিকার থেকে বঞ্চিত প্রবাসীরা এবার এই অধিকার থেকে বঞ্চিত থাকবেন না। তবে সময়মতো ব্যালট পৌঁছানো, নিরাপত্তা, ডাকযোগে ভোট হারানো বা বিলম্ব হওয়াড়এগুলো চ্যালেঞ্জ হিসেবে রয়ে গেছে। রাজনৈতিক দলগুলোর দৃষ্টিকোণও ভিন্ন। কেউ মনে করছেন প্রবাসীদের ভোট দেশের নির্বাচনের ফলাফলকে প্রভাবিত করতে পারে, আবার কেউ ডাকযোগে ভোট ফেরত আসার প্রক্রিয়াকে যথেষ্ট নির্ভরযোগ্য মনে করছেন না। বাংলাদেশের নির্বাচন ইতিহাসে প্রবাসী ভোট একটি যুগান্তকারী পদক্ষেপ হিসেবে ধরা হচ্ছে। ৪০০ কোটি টাকা ব্যয়ে গড়ে তোলা এ কাঠামো সফল হলে ভবিষ্যতে প্রবাসীদের অংশগ্রহণ আরও বাড়বে। তবে নিরাপদ ও সময়মতো ব্যালট পৌঁছানো ও ফেরত আসা নিশ্চিত করতে না পারলে এই উদ্যোগ ব্যর্থ হওয়ার আশঙ্কা থাকবে।

## আফগানিস্তানের বাগরাম ঘাঁটি ফের

(শেষ পৃষ্টার পর)

তবে ২০২১ সালে মার্কিন সেনা প্রত্যাহার কার্যক্রমের অংশ হিসেবে যুক্তরাষ্ট্র বাগরাম ঘাঁটি খালি করে। এর কিছুদিন পরেই তালেবান পুরো আফগানিস্তানের নিয়ন্ত্রণ নেয়। ফলে বাগরামও তাদের হাতে চলে যায়। এদিকে আফগানিস্তানে মার্কিন সেনা প্রত্যাবর্তনের সম্ভাবনা নাকচ করে দিয়েছে তালেবান সরকার। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তা জাকির জালাল সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে এক পোস্টে লিখেছেন, "আফগানিস্তান ও যুক্তরাষ্ট্রের সম্পর্ক হতে পারে পারস্পরিক সম্মান ও অভিন্ন স্বার্থের ভিত্তিতে। কিন্তু আফগানিস্তানে যুক্তরাষ্ট্রের কোনো সামরিক ঘাঁটির প্রয়োজন নেই।" তালেবান বারবার জানিয়ে আসছে, বিদেশি সেনাদের উপস্থিতি ছাড়াই আফগানিস্তান নিজেদের নিরাপত্তা ও ভূখণ্ডের সার্বভৌমত্ব রক্ষা করতে সক্ষম। এদিকে আফগানিস্তানে আটক মার্কিন নাগরিকদের মুক্তি নিয়ে ওয়াশিংটন ও তালেবান সরকারের মধ্যে আলোচনা চলছে। মার্কিন কর্মকর্তারা এ বিষয়ে কাবুল প্রশাসনের সঙ্গে কূটনৈতিক পর্যায়ে যোগাযোগ বজায় রেখেছেন। বিশ্লেষকদের মতে, বাগরাম ঘাঁটি ফের যুক্তরাষ্ট্রের দখলে এলে মধ্য এশিয়া এবং দক্ষিণ এশিয়া অঞ্চলে তাদের সামরিক অবস্থান অনেক শক্তিশালী হবে। বিশেষ করে ঘাঁটিটি চীনের কাছাকাছি হওয়ায় কৌশলগতভাবে ওয়াশিংটনের জন্য এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। তবে তালেবানের কঠোর অবস্থান এবং আফগানিস্তানের অভ্যন্তরীণ পরিস্থিতির কারণে বিষয়টি বাস্তবায়ন কতটা সম্ভব, তা নিয়ে প্রশ্ন থেকেই যাচ্ছে।

## সিংনগর বাঁওড় ভেঙে ব্রীজ ধসে

(শেষ পৃষ্টার পর)

মানববন্ধন করেন। এসময় স্থানীয় ওয়ার্ড সদস্য আহাদ আলী বলেন, "ব্রীজটি এই এলাকার মানুষের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। সিংনগর গ্রামের সঙ্গে ৮-১০টি আশপাশের গ্রামও এর ওপর দিয়ে যাতায়াত করে। ব্রীজ ধসে যাওয়ায় হাজার হাজার মানুষ দুর্ভোগে পড়েছেন। কৃষকরা তাদের ফসল, ছাত্রছাত্রীরা স্কুলে যাতায়াত, ব্যবসায়ীরা মালামাল পরিবহন করতে পারছেন না।"

তিনি প্রশাসনের প্রতি দাবি জানান, "সিংনগর বাঁওড় কর্তৃপক্ষের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক এবং ক্ষতিপূরণের ব্যবস্থা করা হোক।" মামুন হোসেন বলেন, "বাঁধ খুলে দেওয়ার আগে কোনো সতর্কবার্তা দেওয়া হয়নি। এতে শুধু ব্রীজ নয়, রাস্তা ধসে গেছে ও বহু বসতবাড়ি ঝুঁকির মধ্যে পড়ে গেছে।" মিরাজ হোসেন আরও বলেন, "বাঁধ দেওয়া ও খোলার সিদ্ধান্ত তাদের স্বার্থে হয়; সাধারণ মানুষের দুর্ভোগের কথা তারা ভাবেন না।"

মানববন্ধনে দুই শতাধিক নারী ও পুরুষ অংশ নেন। তারা প্রশাসনের কাছে ব্রীজ ও রাস্তা পুনর্নির্মাণ এবং সিংনগর মৎস্যজীবী সমিতির সদস্যদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানান। প্রসঙ্গত, ভারি বৃষ্টিপাতের কারণে গত সোমবার (১৫ সেপ্টেম্বর) ভৈরব নদীর উপর মনোহরপুর গ্রামের ব্রীজ ধসে পড়ে। মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) রাতে সন্তোষপুর বাসস্ট্যান্ডের নিকট ব্রীজটি ভেঙে যায়। এরপর বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) রাতে সিংনগর ব্রীজটির অধিকাংশ অংশ ধসে পড়ে। ব্রীজের একাধিক স্থানে ফাটল দেখা দিয়েছে। এর আগে জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আল-আমীন হোসেন মনোহরপুর ও সন্তোষপুর ব্রীজ পরিদর্শন করে দ্রুত পুনর্নির্মাণের নির্দেশ দেন।

## বাংলাদেশ শেষ চারে, প্রথম প্রতিপক্ষ

(শেষ পৃষ্টার পর)

পিছিয়ে পড়ায় শেষ ম্যাচে জয় এলেও সমীকরণ পুরোপুরি টাইগারদের নিয়ন্ত্রণে ছিল না। শ্রীলঙ্কার এই জয়ে প্রথম পর্বের তিনটি ম্যাচে তিন জয় তুলে নিয়ে তারা গ্রুপ চ্যাম্পিয়ন হয়। বাংলাদেশ দুই জয় নিয়ে রানার্সআপ হিসেবে সুপার ফোর নিশ্চিত করে। বাংলাদেশের সুপার ফোরের পরবর্তী প্রতিপক্ষরা হলো ২০ সেপ্টেম্বর শ্রীলঙ্কা (দুবাই), ২৪ সেপ্টেম্বর 'এ' গ্রুপ চ্যাম্পিয়ন সম্ভাব্য ভারত এবং ২৫ সেপ্টেম্বর 'এ' গ্রুপ রানার্সআপ সম্ভাব্য পাকিস্তান (আবুধাবি)। এই তিন ম্যাচের মধ্যে অন্তত দুটি জয় পেলে টাইগাররা চতুর্থবারের মতো এশিয়া কাপ টি-টোয়েন্টির ফাইনালে উঠবে। এর আগে তিন আসরের মধ্যে তারা দু'বার ফাইনালে খেলেছে। বাংলাদেশি ক্রিকেটপ্রেমীরা এবার আশাবাদী, সুপার ফোরে টাইগারদের লড়াই যেন হয়ে ওঠে সাফল্যের পথে এক নতুন অধ্যায়।

## ইসরায়েলের বিরুদ্ধে আন্তর্জাতিক

(শেষ পৃষ্টার পর)

বৈধ উপায়ে লড়াই চালিয়ে যাবে কাতার। ৯ সেপ্টেম্বর দোহার এক ব্যক্তিগত বাসভবনে চালানো ওই হামলায় পাঁচ হামাস সদস্য ও একজন কাতারি নিরাপত্তা কর্মকর্তা নিহত হন। কাতার একে "সার্বভৌমত্বের প্রকাশ্য লঙ্ঘন" আখ্যা দিয়ে নিন্দা জানায় এবং আন্তর্জাতিক আদালতে মামলা করার জন্য একটি বিশেষ আইনি টিম গঠন করে। ঘটনার পর আরব ও আন্তর্জাতিক মহলে নিন্দার ঝড় ওঠে এবং ইসরায়েলকে জবাবদিহিতার আওতায় আনার আহ্বান জানানো হয়। গত বছর গাজায় যুদ্ধাপরাধ ও মানবতার বিরুদ্ধে অপরাধের অভিযোগে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু ও সাবেক প্রতিরক্ষামন্ত্রী ইয়োভ গালান্টের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছিল আইসিসি।

## কন্যাসন্তানকে জ্যান্ত পুঁতে দেওয়া

(শেষ পৃষ্টার পর)

আনুমানিক বয়স ১৫ দিন। একটি সূত্র জানায়, গত রোববার (১৪ সেপ্টেম্বর) সকালে শাহজাহানপুরের গোদাপুর গ্রামে এক বাসিন্দার নজরে পড়ে বিষয়টি। একটি মাঠের মধ্যে অল্প কিছুটা মাটি খুঁড়ে পুঁতে রাখা হয়েছিল শিশুটিকে। মাঠের পাশ দিয়ে যাওয়ার সময় শিশুর কান্নার আওয়াজ শুনতে পান ওই ব্যক্তি। তখন তার নজর যায় মাঠের দিকে। তিনি দেখেনড় মাঠের মধ্যে কিছু ছোট ছোট গাছের কাছে এক শিশুর হাত মাটি থেকে বেরিয়ে রয়েছে। সঙ্গে সঙ্গে তিনি খবর দেন থানায়। পুলিশও দ্রুত ঘটনাস্থলে পৌঁছে ওই শিশুকে উদ্ধার করে। শাহজাহানপুরের পুলিশ সুপার রাজেশ দ্বিবেদী জানান, শিশুটিকে যখন উদ্ধার করা হয়, তখনো সে নিঃশ্বাস নিচ্ছিল। উদ্ধারের পর তাকে দ্রুত স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিন্তু উন্নত চিকিৎসার জন্য তাকে সেখান থেকে অন্য একটি মেডিকেল কলেজে স্থানান্তর করা হয়। জেলা পুলিশ সুপার বলেন, শিশুটির বাবা-মাকে খুঁজে বের করার চেষ্টা চলছে। তবে এখনো পর্যন্ত কোনো হদিস মেলেনি। রাজ্য শিশু সহায়তাকে এ বিষয়ে জানানো হয়েছে। তবে কে বা কারা ওই শিশুকে জীবিত পুঁতে দিয়ে গেছে, তা এখনো স্পষ্ট নয়। পুরো ঘটনার তদন্ত চালাচ্ছে পুলিশ। এদিকে মেডিকেল কলেজের অধ্যক্ষ রাজেশ কুমার সংবাদ সংস্থা পিটিআইকে জানান, রোববার বিকালে ওই শিশুকে আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে নিয়ে আসা হয়। তবে তাকে আইসিইউতে রাখা হয়েছে। বিশেষজ্ঞ চিকিৎসকদের একটি দল ওই শিশুর চিকিৎসার দায়িত্বে রয়েছে। উল্লেখ্য, ভারতে এমন ঘটনা এবারই প্রথম নয়। লিঙ্গবৈষম্যের দিক থেকে বিশ্বের সবচেয়ে খারাপ দেশগুলোর মধ্যে ভারত একটি। ভারতের নারীরা সারাজীবন সামাজিক বৈষম্যের শিকার হয়ে আসছে। বিশেষ করে দরিদ্র জনগোষ্ঠীর কন্যাশিশুকে আর্থিক বোঝা হিসেবে দেখে আসছে। আর ছেলেসন্তানের পক্ষপাতের কারণে ভারতে বছরের পর বছর ধরে লাখ লাখ কন্যাভ্রূণ হত্যা এবং শিশুমৃত্যুর ঘটনা ঘটে আসছে।

## মেহেরপুরে সবুজ মাল্টা চাষ

(শেষ পৃষ্টার পর)

বলছেন, এক বিঘা জমিতে চারা রোপণ থেকে শুরু করে জমি প্রস্তুত, পরিচর্যা ও প্রথম ফলন পর্যন্ত খরচ হয় মাত্র ২০-২২ হাজার টাকা। চারা রোপণের দুই বছরের মধ্যেই ফল আসতে শুরু করে এবং একবার ফলন শুরু হলে প্রায় দশ বছর পর্যন্ত ফল সংগ্রহ করা যায়। এতে খরচের তুলনায় আয়ও বহুগুণ বেশি হয়। রাধাকান্তপুর গ্রামের মাল্টা চাষি শাহনেওয়াজ সোহান জানান, দেড় বিঘা জমিতে মাল্টা চাষে শুরুতে ৩০ হাজার টাকা খরচ করেছিলেন। দুই বছর পর থেকে ফল বিক্রি শুরু করেছেন। এ মৌসুমে দেড় বিঘা জমি থেকে প্রায় ১ লাখ ৬০ হাজার টাকার মাল্টা বিক্রির আশা করছেন তিনি। মাল্টার স্বাদ ও গুণগত মান ভালো হওয়ায় স্থানীয় বাজার ছাড়িয়ে আশপাশের জেলাগুলোতেও এর সুনাম ছড়িয়েছে। ফড়িয়ারা জমি থেকেই পাইকারি দরে কিনে নিয়ে যায়, ফলে চাষিদের আর আলাদা করে বাজারজাতকরণের ঝামেলা পোহাতে হয় না। চলতি মৌসুমে মনপ্রতি ১৬শ থেকে ১৭শ টাকায় পাইকারি বিক্রি হচ্ছে মাল্টা। খুচরা বাজারে কেজি প্রতি ৭০ থেকে ১০০ টাকা দরে বিক্রি হচ্ছে। মেহেরপুরের মাটি ও আবহাওয়া মাল্টা চাষের জন্য উপযোগী। উঁচু ও বেলে দোআঁশ মাটিতে গাছ ভালো জন্মে। শুরুতে এক বিঘায় প্রায় ১০০টি চারা রোপণ করা হলেও গাছ বড় হলে তা ৭০-৮০টিতে সীমাবদ্ধ রাখা হয়। বর্তমানে জেলায় বারি-৪, বারি-১, কোরিয়ান মাল্টা ও বারোমাসি ভিয়েতনামি মাল্টা চাষ হচ্ছে। মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা চায়না খাতুন জানান, ২০২০ সাল থেকে বানিজ্যিকভাবে মাল্টা চাষ শুরু হয়। তখন ৫০ হেক্টর জমিতে মাল্টা চাষ হলেও বর্তমানে তা বেড়ে প্রায় ৫০০ হেক্টরে দাঁড়িয়েছে। তিনি বলেন, "ধান-পাটের তুলনায় মাল্টা চাষ অনেক বেশি লাভজনক। এখানকার আবহাওয়া অনুকূল হওয়ায় স্বাদ ও রসও প্রচুর। আমরা কৃষকদের মাল্টা চাষে উদ্বুদ্ধ করছি।" মাল্টা চাষে ঝুঁকছেন পেশাদার চাষি, সৌখিন উদ্যোক্তা ও বেকার যুবকরাও। ফলে একদিকে তৈরি হচ্ছে কর্মসংস্থান, অন্যদিকে কৃষকের অর্থনৈতিক অবস্থারও উন্নয়ন ঘটছে। কৃষি কর্মকর্তাদের মতে, পরিকল্পিতভাবে মাল্টা চাষ সম্প্রসারণ করা গেলে শুধু মেহেরপুর নয়, সমগ্র দেশের অর্থনীতিতেও এটি ইতিবাচক প্রভাব ফেলতে পারে।

## হঠাৎ মোবাইলের ডায়ালপ্যাড বদলে

(শেষ পৃষ্টার পর)

নিরাপদ। এছাড়া অচেনা অ্যাপ ডাউনলোড না করা, নিয়মিত সিস্টেম আপডেট চেক করা এবং ফোনের নিরাপত্তা সেটিংস সক্রিয় রাখা গুরুত্বপূর্ণ। এসব নিয়ম মেনে চললে হঠাৎ ডায়ালপ্যাড বদলে যাওয়ার ঝামেলা অনেকটাই কমানো সম্ভব।

## ভারতীয় ব্যবসায়ীদের ভিসা বাতিল

(শেষ পৃষ্টার পর)

হয়নি। তবে একজন মুখপাত্র নিশ্চিত করেছেন, তারা সবাই ভারতীয় নাগরিক। মার্কিন দূতাবাস জানায়, মাদক পাচার প্রতিরোধে ভারত সরকার ঘনিষ্ঠভাবে যুক্তরাষ্ট্রের সঙ্গে কাজ করছে। তবে এ নিয়ে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের কাছে মন্তব্য চাইলে তাৎক্ষণিক কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এর আগে ভারত থেকে আমদানিপণ্যে ৫০ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপ করেছিলেন। এতে দুই দেশের সম্পর্ক টানাপোড়েনের মধ্যে পড়ে। ট্রাম্প একই অভিযোগে চীন, মেক্সিকো ও কানাডা থেকেও আমদানির ওপর অতিরিক্ত শুল্ক আরোপ করেছেন। এই সপ্তাহে মার্কিন কংগ্রেসে দেওয়া এক বিবৃতিতে ট্রাম্প ভারতকে ২৩টি বড় মাদক ট্রানজিট বা অবৈধ মাদক উৎপাদনকারী দেশের তালিকায় অন্তর্ভুক্ত করেন। তবে তিনি বলেন, এই তালিকায় থাকা মানে এই নয় যে, সংশ্লিষ্ট সরকার মাদকবিরোধী প্রচেষ্টায় অকার্যকর।

## ইরানের ক্ষেপণাস্ত্র পরীক্ষা নিয়ে

(শেষ পৃষ্টার পর)

দেখেছেন স্থানীয় বাসিন্দারা। সামাজিক যোগাযোগ মাধ্যমে এর ভিডিও ও ছবি ছড়িয়ে পড়েছে। উৎক্ষেপণের পর ধোঁয়ার রেখার ফুটেজও প্রকাশ করা হয়েছে। আইআরজিসি-সংলগ্ন টেলিগ্রাম চ্যানেল সেপাহ পাসদারান নিউজ এ সংক্রান্ত কিছু ছবি প্রকাশ করেছে। একইসঙ্গে এক্স অ্যাকাউন্ট ইরান অবজারভার একটি ভিডিও শেয়ার করে লিখেছে, "ইসরায়েলের সঙ্গে সম্ভাব্য নতুন যুদ্ধের জন্য অসংখ্য নতুন ক্ষেপণাস্ত্র প্রস্তুত করা হচ্ছে।" তবে এসব ভিডিওর সত্যতা নিউজউইক স্বাধীনভাবে যাচাই করতে পারেনি। এই ক্ষেপণাস্ত্র পরীক্ষা এমন সময়ে ঘটল, যখন কয়েক মাস আগেই যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানের পারমাণবিক স্থাপনাগুলোতে সমন্বিত হামলা চালিয়েছিল। ইসরায়েলের দাবি, ঐ হামলায় ইরানের ক্ষেপণাস্ত্র ও পারমাণবিক সক্ষমতার কিছু অংশ ধ্বংস হয়েছে। অপরদিকে, মার্কিন বাহিনী ইরানের অতিরিক্ত স্থাপনাগুলোকে লক্ষ্যবস্তু করেছিল। বিশ্লেষকদের মতে, বৃহস্পতিবারের ক্ষেপণাস্ত্র পরীক্ষা ইরানের শক্তি প্রদর্শন এবং তাদের পারমাণবিক উচ্চাকাঙ্ক্ষা টিকিয়ে রাখার বার্তা বহন করছে। এ ঘটনার পর নতুন করে আঞ্চলিক ঝুঁকি দেখা দিয়েছে। যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় দেশগুলো ইরানের বিরুদ্ধে ২০১৫ সালের পারমাণবিক চুক্তি (জেসিপিওএ) লঙ্ঘনের অভিযোগ তুলে নতুন নিষেধাজ্ঞার চেষ্টা করছে।

# চলন্ত ট্রেন থেকে ঝাঁপ, গুরুতর আহত নায়িকা

বিনোদন ডেস্ক

'রাগিনি এমএমএস রিটার্নস' কিংবা 'পেয়ার কা পঞ্চনামা ২'-এর মতো সিনেমার নায়িকা কারিশমা শর্মা। যিনি গুরুতর আহত হয়ে এখন হাসপাতালের বিছানায়। এনডিটিভি'র খবর, হঠাৎ চলন্ত ট্রেন থেকে ঝাঁপ দিয়ে এই ঘটনা ঘটান অভিনেত্রী নিজেই। এরপর দ্রুত তাকে হাসপাতালে নেওয়া হয়। মাথায় ও পিঠে চোট পেয়েছেন ভালোই, জানায় কর্তব্যরত চিকিৎসকরা।

কেন হঠাৎ চলন্ত ট্রেন থেকে ঝাঁপ দিলেন কারিশমা? শুটিং দৃশ্য না আত্মহনন! সে কথা নিজেই জানালেন 'উজড়া চমন' অভিনেত্রী।

সামাজিক যোগাযোগমাধ্যমে সেই ঘটনার কথা শেয়ার করলেন এভাবে, 'গতকাল (১১ সেপ্টেম্বর), চার্চগেটের উদ্দেশে শুটের জন্য রওনা দিয়েছিলাম। শাড়ি পরে ট্রেনে করে যাওয়ার সিদ্ধান্ত নিই। ট্রেনে উঠেও পড়েছিলাম। তার পরেই খেয়াল করি যে আমার বন্ধুরা উঠতে পারেনি। এদিকে ততক্ষণে ট্রেনের গতি বেড়ে গেছে। ভয় পেয়ে চলন্ত ট্রেন থেকে ঝাঁপ দিই। দুর্ভাগ্যবশত চিত হয়ে পড়ি, মাথায় প্রচণ্ড আঘাত পাই।'

কারিশমা জানান, তার শরীরে অনেক ক্ষত হয়েছে। মূলত পিঠে চোট পেয়েছেন, মাথাও ফুলে গেছে। কারিশমা যোগ করেন, 'চিকিৎসকের পরামর্শে এমআরআই করিয়েছি। একটা দিন নজরদারিতে রাখা হয়েছে আমাকে, মাথার চোট কতটা গুরুতর পরীক্ষা করার জন্য।'



**হারিয়েছে**

আমার উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এইচএসসি পরীক্ষার প্রবেশপত্র যার রোল নং- ৫৯৪, রেজিস্ট্রেশন নং- ১৩০১১২৩৪৫৯৪, শিক্ষাবর্ষ- ২০১৩-২০১৪, পাশের বছর- ২০১৪, কেন্দ্র- খোলাহাটি ডিগ্রী কলেজ, পার্বতীপুর দিনাজপুর, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হারিয়েছে। মেহেরপুর সদর থানায় জিডি করা হয়েছে যার নং- ৯৬৩, তারিখ ১৮/৯/২০২৫।
মোঃ কবির হোসেন খাঁন।

**ভাস্কর ডেন্টাল সার্জারী**
টি এন্ডটি রোর্ড,এশিয়ানেট মোড়, বড়বাজার , মেহেরপুর



**ডি,এন ভাস্কর (মানস)**
**(ডেন্টাল টেকনোলজিস্ট)**
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল),
খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
**রোগী দেখার সময় :**
সকাল : ৯টা – দুপুর ২টা, বিকাল : ৫টা – রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২৩২, ০১৯২০-৬৯৪৫৩২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল , কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।

**কাফুর**
ড্রিংকিং ওয়াটার
বিশুদ্ধ পানির বিশ্বস্ত নাম



**হোটেল বাজার, যাদবপুর রোড, মেহেরপুর**
বিনামূল্যে হোম ডেলিভারি সুবিধা!
সরাসরি ঘরে পৌঁছে দিন বিশুদ্ধ পানির নিশ্চয়তা
RO ফিল্টার প্রযুক্তিতে বিশুদ্ধকরণ
স্বাস্থ্যসম্মত বোতল
দ্রুত সরবরাহ
আজই অর্ডার করুন!
ডেলিভারি হটলাইন:
০১৯২৩-১২১২৯১
০১৯২৩-১২১২৯৮
অফিস যোগাযোগ: ০১৯২৩-১৩১৩৫৪

**নাজ জুয়েলার্স**
হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর




বিশেষ অফার
২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
গ্যারান্টি সহকারে
অনন্য ডিজাইন
সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
নাজ জুয়েলার্স – মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮

**রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল**
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন
**ডাঃ বি ডি দাস (পিকলু)**
এম. বি. বি. এ. বি. সি. এস (স্বাস্থ্য), সি. এস. ইউ (আল্ট্রাসনো )
বাত ব্যাথ্যা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক।
রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা।
**ডা. মো: আব্দুল আল মারুফ**
এমবিবিএস (রাজ) বিসিএস স্বাস্থ্য,এফসিপিএস(শিশু) শেষ পর্ব, এমএস শিশু. সার্জারী কোর্স বিএসএমএম ইউ, সিসিডি বার্ডেম, পিজিপিএন, শিশু পুস্টি ( বোস্টান ইউনিভূরসিটি আমেরিকা)
রোগী দেখার সময় : প্রতি বৃহস্পতিবার দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬ টা
**ডাঃ ইসরাত জেরিন ইভা**
এম. বি. বি. এস. পি. জি. টি (গাইনী অ্যান্ড অবস্) , সি. এম. ইউ (আল্ট্রা)
গাইনী প্রসুতি মেডিসিন রোগের চিকিৎস, ( আবাসিক মেডিকেল অফিসার)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা হতে বিকাল ৫ টা।
**পুস্টিবিদ: তরিকুল ইসলাম**
বিপিএচি(নিউট্রিশন).এমপি এইচ(নিউট্রিশন), সিএমইউ এন্ড ডিএমইউ (আল্ট্রা), ডিপ্লমা ইন মেডিকেল ফ্যাকালটি, পুষ্টি বিশেষজ্ঞ
আমাদের সেবাসুমহ : বিষেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ, কম্পিউটারাইজড প্যাথলজী, ডিজিটাল আলট্রাসনোগ্রাফী,হরমোন পরীক্ষা, ইসিজি এক্স-রে ও স্বল্প খরচে অপারেশন করা হয়

**নিউ এভারকেয়ার নার্সিং হোম**
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
NEW EVERCARE NURSING HOME
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
**ডা. সুরাইয়া মারমিন (পুস্প)**
এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
**ডা. মোঃ ফজলুর রহমান**
এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী) , কনসালট্যান্ট (সার্জারী), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
**ডা. পারভীন আখতার**
জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।
**ডা. মোঃ সউদ কবীর**
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
**ডা. অলোক কুমার দাস**
এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া , এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি . ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর ।
**আমাদের সেবাসমূহ**
প্রাইভেট ও সাধারণ রোগী সেবা . প্রসূতি ও নারী স্বাস্থ্য ,
সার্জারি ও সাধারণ চিকিৎসা
উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

**নিউ মনা জুয়েলার্স**
অলংকার জগতের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
সাউদিয়া টাওয়ার, কাঁশারী বাজার, মেহেরপুর।



আধুনিক ডিজাইনের স্বর্ণ, রূপা ও হীরার গহনা।
বিশুদ্ধতা ও গুণগত মানে আপসহীন ও অপ্রতিদ্বন্দ্বি
আস্থার সাথে অলংকার কেনা- বেচার নির্ভরযোগ্য ঠিকানা
প্রোপাইটার : হামিদুল ইসলাম
পরিচালনায় : মোস্তাফিজুর রহমান মনা
যোগাযোগ : ০১৭১৬-৫৭০৮৯৩, ০১৯১৯-৫৭০৮৯৩

**বিসমিল্লাহ্ ফার্মেসী**
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু



সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪০৩৩৮৬

**ত্রয়ী স্টোর এন্ড বুটিকস**



এক্সক্লুসিভ বুটিক পোশাক
হাতে তৈরি দেশি জামাকাপড়
দেশি-বিদেশি কসমেটিকস
কুকারিজ আইটেম
ইউনিক গিফট আইটেম
কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
কেওন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

**রাবেয়া মেডিকেল সার্ভিসেস**
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।
আমাদের সেবা সমূহ ইসিজি (ECG) , সেরোলজি,কাসকপি, ক্লোনসকপি.ক্লিনিক্যাল প্যাথলজি.বিশেষজ্ঞ ডাক্তার চেম্বার,ডিজিটাল আল্ট্রাসনোগ্রাফি,সর্বাধুনিক ডিজিটাল এক্স-রে,হেমাটোলজি (সেল কাউন্টার ৫ পার্ট),বায়োকেমিস্ট্রি (অটো অ্যানালাইজড),হরমোন অ্যানালাইসিস (অটো অ্যানালাইজড), ইলেক্ট্রোলাইটস (অটো অ্যানালাইজড), ইকো-কার্ডিওগ্রাফি ( 4D & 2D)
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন: 01754974466, 01724-787313
মার্কেটিং অফিসার: 01304-100307, 01304-100308
**ডা. মোঃ আলাউদ্দিন আল-আজাদ**
অর্থোপেডিক সার্জারি, এমবিবিএস, ডি-অর্থো (সার্জারি), প্রাক্তন সার্জন, পঙ্গু হাসপাতাল ঢাকা
শনি-বৃহস্পতিবার, বিকেল ৪টা-সন্ধ্যা ৬.৩০
**সহকারী অধ্যাপক ডা. বিপুল কুমার**
গাইনী ও প্রসূতি: এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস) প্রতিদিন বিকেল ৪টা-রাত ৮টা, শুক্রবার সকাল ৮টা-দুপুর ২টা
**ডা. মোঃ ইয়ানুর হোসেন**
মেডিসিন ও কার্ডিওলজি,এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি), কনসালটেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল বৃহস্পতিবার বিকেল ৩টা-রাত ৮টা শুক্রবার সকাল ৮টা-রাত ৮টা
**ডাঃ মোঃ আবুল কাশেম**
ইএনটি (কান, নাক ও গলা)এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (ইএনটি), ফেলোশিপ ইন মাইক্রো ইয়ার সার্জারি (চেন্নাই, ইন্ডিয়া) বৃহস্পতিবার বিকেল ৩টা-রাত ৮টা, শুক্রবার সকাল ৮টা-রাত ৮টা
**সহকারী অধ্যাপক ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব)**
চক্ষু বিশেষজ্ঞম,,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (চক্ষু) শুক্রবার সকাল ১০টা-দুপুর ১টা
**ডাঃ মোঃ রোকনুজ্জামান**
চর্ম ও যৌন রোগ,এমবিবিএস, এফসিপিএস শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), সিসিজিপি (ডিএমসি) বৃহস্পতিবার সকাল ৮টা-১১টা
**সহকারী অধ্যাপক ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির)**
শিশু সার্জারি,এমবিবিএস (ডিএমসি), এমএস (শিশু সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ,। প্রতিদিন বিকেল ৪টা-রাত ৮টা শুক্রবার সকাল ৮টা-রাত ৮টা
**ডাঃ মাহবুবা তাজমিলা**
শিশু বিশেষজ্ঞ,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (শিশু) শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০-বিকেল ৫টা।
**ডা. এম এম কবির শাওন**
এ্যাজমা ও আল্ট্রাসাউন্ড,এমবিবিএস, ডিএলপি (এ্যাজমা), ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) প্রতিদিন সকাল ১০টা-দুপুর ২টা, বিকেল ৪টা-রাত ৮টা.
**ডা. মেহেদী হাসান জনি**
ইউরোলজি,এমবিবিএস (ঢাকা), এমএস (ইউরোলজি), কুষ্টিয়া মেডিকেল কলেজ। শুক্রবার সকাল ৯টা-দুপুর ১টা
**সহকারী অধ্যাপক ডা. মোঃ আরিফুল ইসলাম**
সার্জারি ও ল্যাপারোস্কপি,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ মাসের প্রথম সোমবার দুপুর ২টা-বিকাল ৫টা
**ডা. মোঃ সফিউল আলম**
জেনারেল ও ল্যাপারোস্কপিক সার্জারি,এমবিবিএস, এফসিপিএস (সার্জারি), সহকারী অধ্যাপক, আর্মি মেডিকেল কলেজ, যশোর। শুক্রবার সকাল ৯টা-বিকেল ৫টা

**আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার**
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
**ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি**
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট) মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা
**ডাঃএম. এম. জাহিদুল ইসলাম**
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক।
রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা
**ডাঃ আব্দুল্লাহ আল রশিদ**
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা
**ডাঃ সাজিয়া আফরিন**
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন
এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স- গাইনী এন্ড অবস্) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন
রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত, প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

**নিউ স্কায়ার ল্যাব**
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
**ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার**
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
**ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির**
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
**ডাঃ তাসমেরী নাহার**
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
**ডা: সেজুঁতি মেহেতাজ**
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
এমবিবিএস(রাজশাহী),বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
**ডাঃ ফরহাদ পারভেজ**
মেডিসিন, বাতজ¦র,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, শনিবার, ২০ সেপ্টেম্বর ২০২৫ ইং

## মানবিক মূল্যবোধের অবক্ষয় ও ন্যায়বিচারের দৃষ্টান্ত

আদালতের স্বপ্রণোদিত মামলার এ ঘটনা একটি গুরুত্বপূর্ণ দৃষ্টান্ত। সংবাদপত্রে প্রকাশিত একটি প্রতিবেদন কীভাবে ন্যায়বিচারের প্রক্রিয়াকে সক্রিয় করতে পারে, তার উজ্জ্বল উদাহরণ এটি। গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নে খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় নিয়োগপ্রাপ্ত ডিলার কর্তৃক এক বিধবা বৃদ্ধার চাল আত্মসাতের অভিযোগ শুধু প্রশাসনিক ব্যর্থতার চিত্রই নয়, সমাজে মানবিক মূল্যবোধেরও অবক্ষয়কে তুলে ধরে। ৭৫ বছর বয়সী এক বিধবার টিপসহি জাল করে তার প্রাপ্য চাল আত্মসাৎ করা নিঃসন্দেহে অমানবিক ও নিন্দনীয় কাজ। আদালত এটিকে শাস্তিযোগ্য অপরাধ হিসেবে অভিহিত করেছেন, যা সমাজে ন্যায়বিচারের বার্তা পৌঁছে দেবে। এই ঘটনায় যদি সঠিক তদন্ত ও বিচার কার্যকর হয়, তবে তা ভবিষ্যতে অন্যদের জন্যও একটি সতর্কবার্তা হয়ে দাঁড়াবে। একজন ডিলার, যিনি আবার শিক্ষক পদেও কর্মরত, তার কাছ থেকে এ ধরনের অনৈতিক ও অপরাধমূলক আচরণ সমাজের জন্য আরও বেশি হতাশাজনক। শিক্ষকতা একটি মহৎ পেশা, আর শিক্ষক যদি অনৈতিক কাজে জড়িয়ে পড়েন, তবে তা শুধু ব্যক্তিগত নয়, পুরো সমাজের জন্য কলঙ্ক বয়ে আনে। আমরা মনে করি, এ ঘটনায় দ্রুত ও স্বচ্ছ তদন্ত নিশ্চিত করা উচিত। অভিযুক্তের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের পাশাপাশি খাদ্যবান্ধব কর্মসূচির কার্যক্রমে আরও কঠোর নজরদারি প্রয়োজন। একইসাথে স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দায়িত্বশীল ভূমিকা অপরিহার্য। মানবিক সহায়তার কর্মসূচি জনগণের জন্য আশীর্বাদ হয়ে উঠতে হবে, অভিশাপ নয়। একটি সংবাদ আদালতকে নাড়া দিতে পারেড়এটি যেমন ইতিবাচক দিক, তেমনি এটি আমাদের দায়িত্বও স্মরণ করিয়ে দেয়ড়সমাজের অবহেলিত মানুষের অধিকার রক্ষায় প্রত্যেকেই সজাগ ও দায়িত্বশীল থাকি।

## বিএনপির মনোনয়ন প্রত্যাশী তিন

(প্রথম পৃষ্ঠার পর)
দলটি। তবে মাঠপর্যায়ে তিনি এখনও সাধারণ ভোটারদের কাছে তেমন পরিচিত হয়ে উঠতে পারেননি। ইসলামী শাসনতন্ত্র আন্দোলন বাংলাদেশ থেকে গাংনী উপজেলা সভাপতি মোস্তাফিজুর রহমান সেন্টুকে প্রার্থী ঘোষণা করা হয়েছে। সাবেক এমপি আমজাদ হোসেন বলেন, “২০০৮ সালে গাংনীর মানুষ আমাকে আস্থার সঙ্গে এমপি নির্বাচিত করেছিল। দীর্ঘ লড়াই-সংগ্রামে আমি সবসময় তাদের সঙ্গে ছিলাম। এবারও যদি মনোনয়ন পাই, বিশ্বাস করি গাংনীর মানুষ সেই আস্থার প্রতিদান দেবে।” জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন বলেন, “বিএনপি একটি নির্বাচনমুখী দল। একটি বড় দলে একাধিক নেতার প্রার্থী হওয়ার আগ্রহ থাকা স্বাভাবিক। ২০১৮ সালে আমি মনোনয়ন পেয়েছিলাম, এবারও আশাবাদী। তবে শেষ সিদ্ধান্ত দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের হাতে। তিনি যাকে মনোনয়ন দেবেন, আমরা সবাই তার পক্ষেই মাঠে নামবো।” মেহেরপুর-২ (গাংনী) আসনে ভোটার সংখ্যা প্রায় ২ লাখ ২০ হাজার। এর মধ্যে নারী ভোটার সংখ্যা পুরুষ ভোটারের তুলনায় সামান্য বেশি।

## বাংলাদেশের যাত্রা শুরু হয়েছিল

(প্রথম পৃষ্ঠার পর)
উদ্বোধনের অনুষ্ঠানের সভাপতিত্ব করেন, বাংলাদেশ সরকারের প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (ঐক্যমত) মনির হায়দার। অনুষ্ঠানে সম্মানিত অতিথি ছিলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব মোঃ সাইদুর রহমান, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মোহাম্মদ মোখলেসুর রহমান, পরিকল্পনা মন্ত্রণালয়ের আইএমইউ সচিব মোঃ কামাল উদ্দীন, খুলনা বিভাগীয় কমিশনার ফিরোজ সরকার, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক ডা. মোঃ আবু জাফর, খুলনা বিভাগীয় স্বাস্থ্য অধিদপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক ডা. মোঃ মজিবুর রহমান এবং খুলনা রেঞ্জ ডিআইজি রেজাউল হক। এছাড়া এনসিপির কেন্দ্রীয় কমিটির আইন বিষয়ক মুখ্য সমন্বয়ক এডভোকেট শাকিল আহমেদ, মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক এডভোকেট কামরুল হাসান, মেহেরপুর জেলা জামায়াতের আমির তাজ উদ্দিন খান আহমেদ,মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও কেন্দ্রীয় বিএনপির সদস্য সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক আমজাদ হোসেন প্রমুখ বক্তব্য রাখেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুর সালাম, পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী, সিভিল সার্জন ডা. এ.কে.এম. আবু সাইদ, মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. শারিয়ার শাইলা জাহানসহ সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা, কর্মচারী ও রাজনৈতিক ব্যক্তিত্বরা। হাসপাতালের নতুন ভবন উদ্বোধনের মধ্য দিয়ে মেহেরপুর জেলায় আধুনিক চিকিৎসা সেবার নতুন দিগন্ত উন্মোচিত হবে বলে আশা প্রকাশ করেছেন সংশ্লিষ্টরা।

## নিম্নকক্ষ আসনভিত্তিক উচ্চকক্ষ

(প্রথম পৃষ্ঠার পর)
সম্পাদক সৈয়দ জাকির হোসেন, গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোস্তাফিজুর রহমান বাবলু, উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান জুলফিকার আলি ভুট্টো, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দাল হক প্রমুখ উপস্থিত ছিলেন।

## সীমান্তে পুশ-ইন : মুজিবনগরের

(প্রথম পৃষ্ঠার পর)
ব্যক্তিরা হলেন চাঁদপুরের হাজিগঞ্জ উপজেলার ধরড়া গ্রামের রতন হোসেন, তার স্ত্রী রাবেয়া আক্তার, শিশু কন্যা হাবিবা খাতুন এবং মাত্র এক মাস বয়সী শিশু ইমাম হোসাইন। ভারত থেকে ফেরত দেওয়া রতন হোসেন জানান, ২০২২ সালের অক্টোবর মাসে দালালের মাধ্যমে যশোরের বেনাপোল সীমান্ত হয়ে ভারতে প্রবেশ করেন তিনি। সেখানে রাজমিস্ত্রির জোগালের কাজ করে সংসার চালাতেন। কিন্তু কয়েকদিন আগে স্থানীয় পুলিশ তাদের আটক করে বিএসএফের কাছে হস্তান্তর করে। এরপর বিএসএফ পতাকা বৈঠকের মাধ্যমে বাংলাদেশে ফেরত পাঠায়। স্থানীয় সীমান্ত বিশেষজ্ঞরা বলছেন, সীমান্ত দিয়ে অনিয়মিত যাতায়াত কেবল ব্যক্তিগত ঝুঁকি নয়, বরং রাষ্ট্রীয় সম্পর্কেও অস্বস্তির কারণ হয়ে দাঁড়ায়। দালালের প্রলোভনে পড়ে অনেকেই উন্নত জীবনের স্বপ্নে পা বাড়ান সীমান্ত পথে। কিন্তু শেষ পর্যন্ত তারা কারাগার, নির্যাতন কিংবা জিম্মিদশার মতো পরিস্থিতির শিকার হন। এ ঘটনাও তার ব্যতিক্রম নয়। বিজিবি মুজিবনগর কোম্পানি কমান্ডার সুবেদার আবুল বাশার জানান, ভারতের হৃদয়পুর বিএসএফ ক্যাম্পের ইন্সপেক্টর ধর্মেন্দ্র কুমার পান্ডের নেতৃত্বে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। সেখানে বাংলাদেশি চারজনকে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়। বিজিবির ভাষ্যমতে, পুলিশের মাধ্যমে যাচাই-বাছাই শেষে তাদের পরিবারের কাছে ফেরত পাঠানো হবে।

## বদিউল আলমের সাথে পিএফজি ও

(প্রথম পৃষ্ঠার পর)
সদস্যরা। গতকাল শুক্রবার (১৯ সেপ্টম্বর) দুপুর ১২টায় মেহেরপুর সার্কিট হাউজ মিলনায়তনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। পিএফজির সমন্বয়কারী মুজাহিদ আল মুন্নার সঞ্চালনায় মতবিনিময় সভায় বক্তব্য রাখেন জাতীয় ঐক্যমত কমিশনের সদস্য ড. বদিউল আলম মজুমদার, প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার, সিনিয়র সাংবাদিক তুহিন আরণ্য, পিএফজির পিস অ্যাম্বাসেডর সায়্যেদাতুন নেসা নয়ন, মাওলানা সিরাজ উদ্দিন, আজমল হোসেন মিন্টু। এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন পিএফজির সদস্য মুন্তাকিম বিল্লাহ, সাইদুর রহমান টুটুল, হাফিজুর রহমান, মাহাবুবুল হক পোলেন, আব্দুস সাত্তার মুক্তা, আফতাব আলী, আল মাসুম, ওয়াইপিএজির কোঅর্ডিনেটর রাজিয়া সুলতানা, সদস্য মেহেরাব হোসেন, নারী শান্তি সহায়কদের প্ল্যাটফর্ম (ওয়েভ) সমন্বকারী সুমি বিশ্বাস, সহ-সমন্বয়কারী ফিরাজা আক্তার পপি, সদস্য সোমিয়া আক্তার সামেনা, পারুল আক্তার, লিপিকা দে। মতবিনিময় সভায় মেহেরপুরের পিএফজি, ওয়াইপিএজি ও নারী শান্তি সহায়কদের প্ল্যাটফর্ম (ওয়েভ) এর সদস্যরা উপস্থিত ছিলেন।

# ফেসবুক থেকে আয়: সুযোগ চ্যালেঞ্জ ও নৈতিকতা

মিজানুর রহমান অপু



বর্তমান সময়ে ফেসবুক আর কেবল যোগাযোগের মাধ্যম নয়, এটি এখন আয়ের অন্যতম জনপ্রিয় প্ল্যাটফর্মে পরিণত হয়েছে। কনটেন্ট তৈরি, ব্যবসা প্রচার, বিজ্ঞাপন, অ্যাফিলিয়েট মার্কেটিং কিংবা অনলাইন শপ সব ক্ষেত্রেই ফেসবুক নতুন দিগন্ত খুলে দিয়েছে। অনেক তরুণ-তরুণী ঘরে বসে কর্মসংস্থান খুঁজে পাচ্ছেন। কিন্তু এর সাথে জড়িয়ে আছে নানা চ্যালেঞ্জ এবং নৈতিক প্রশ্ন। সঠিকভাবে ব্যবহার করলে ফেসবুক আয় ও কর্মসংস্থানের বড় ক্ষেত্র হতে পারে। উদ্যোক্তারা তাদের পণ্য সারা দেশে ছড়িয়ে দিতে পারছেন, তরুণ প্রজন্ম নিজেদের প্রতিভা তুলে ধরে উপার্জনের সুযোগ পাচ্ছেন। কেউ ভিডিও বানাচ্ছেন, কেউ লাইভে এসে দর্শকদের সঙ্গে যোগাযোগ করছেন। এমনকি ছোট ব্যবসাগুলোও ফেসবুকের কল্যাণে বড় বাজারে পৌঁছে যাচ্ছে। কিন্তু আয় করা মোটেও সহজ নয়। নিয়মিত মানসম্মত কনটেন্ট তৈরি, দর্শক টানা, ফলোয়ার বাড়ানোড়এসবই ধৈর্য ও পরিশ্রমের দাবি করে। ফেসবুকের কঠোর নীতিমালা, বারবার অ্যালগরিদম পরিবর্তন ও ভুয়া অনুসারীর সমস্যার কারণে অনেকেই কাঙ্ক্ষিত ফল পান না। ফলে এটি শুধু সহজ টাকা রোজগারের পথ নয়, বরং দীর্ঘমেয়াদি কৌশল ও অধ্যবসায়ের বিষয়। আমাদের সমাজে এখন দেখা যাচ্ছে ফেসবুক ইনকামের প্রতি হুমড়ি খেয়ে পড়া এক প্রবণতা। ভিউ ও লাইক বাড়ানোর প্রতিযোগিতায় অনেকে দৃষ্টিকটু কনটেন্ট প্রকাশ করছেন। কেউ দামি খাবার, পোশাক বা বিলাসবহুল জীবনের ছবি পোস্ট করে অজান্তেই অহংকার প্রদর্শন করছেন, যা গরিব-অসহায় মানুষের মনে কষ্ট জাগায়। ফ্যাশন ও মডেলিং ঘরে ঘরে ঢুকে পড়েছে। এমন অনেক পোস্ট পরিবারে ছোটদের সামনে বিব্রতকর পরিস্থিতি তৈরি করছে। নারীদের ক্ষেত্রেও লক্ষ করা যাচ্ছে, অতিরিক্ত সময় ফেসবুকে কাটানোর কারণে সংসারের প্রতি অবহেলা বাড়ছে, যা পারিবারিক অশান্তির কারণ হচ্ছে। সবচেয়ে উদ্বেগের বিষয় হলো, ব্যক্তিত্ব ও ধর্মীয় মূল্যবোধ বিসর্জন দিয়ে কেবল আয় করার নেশায় অনেকেই এমন কিছু করছেন যা তাদের চরিত্রের সঙ্গে যায় না। এতে পরিবার, সমাজ ও ধর্মীয় মূল্যবোধ ক্ষতিগ্রস্ত হচ্ছে। ফেসবুক থেকে আয় করা সম্ভবড়এটি অস্বীকার করার উপায় নেই। তবে এর জন্য প্রয়োজন ধৈর্য, সৃজনশীলতা ও কঠোর পরিশ্রম। সবচেয়ে বড় কথা, আয় করার জন্য যেন কেউ নৈতিকতা, লজ্জাশীলতা ও পারিবারিক দায়িত্ব বিসর্জন না দেন। ফেসবুক যদি সঠিক নিয়তে ও আদর্শের মধ্যে থেকে ব্যবহার করা যায়, তবে এটি সমাজ ও ব্যক্তির জন্য কল্যাণকর হাতিয়ার হবে। আর ভুল পথে ব্যবহার করলে সেটি দুনিয়া ও আখিরাতে ক্ষতির কারণ হয়ে দাঁড়াবে। ( সাংবাদিক)

# একনজরে নবীজি (সা.)-এর পূর্ণাঙ্গ জীবনী

মুহাম্মদ আল আমিন

বিশুদ্ধ মতে, মহানবী হযরত মুহাম্মদ (সা.) ৫৭১ খ্রিস্টাব্দের রবিউল আউয়াল মাসের সোমবার মক্কায় জন্মগ্রহণ করেন। জন্মের আগেই তিনি পিতৃহারা হন। দাদা আবদুল মুত্তালিব তাঁর নাম রাখেন মুহাম্মদ। শৈশবে দুধমাতা হালিমা সাদিয়া (রা.)-এর ঘরে তাঁর লালন-পালন হয়, যেখানে প্রথমবার বক্ষ বিদারণের ঘটনা ঘটে। ছয় বছর বয়সে মা আমেনা ইন্তেকাল করলে তিনি চাচা আবু তালিবের তত্ত্বাবধানে বেড়ে ওঠেন। ১২ বছর বয়সে আবু তালিবের সঙ্গে সিরিয়া সফরে গিয়েছিলেন। সেখানেই ধর্মযাজক বুহাইরা তাঁর নবুয়তের ভবিষ্যদ্বাণী করেন। তরুণ বয়সে সততা ও সত্যবাদিতার জন্য তিনি আল-আমিন উপাধি পান। ২৫ বছর বয়সে ব্যবসায়ী খাদিজা (রা.)-এর সঙ্গে বিবাহবন্ধনে আবদ্ধ হন। ৩৫ বছর বয়সে কাবাঘর পুনর্নির্মাণকালে হাজরে আসওয়াদ স্থাপন নিয়ে সৃষ্ট বিরোধ তিনি বুদ্ধিমত্তার সঙ্গে সমাধান করেন। ৪০ বছর বয়সে হেরা গুহায় প্রথম ওহি অবতীর্ণ হলে তিনি নবুয়তের দায়িত্ব লাভ করেন। প্রথম তিন বছর গোপনে ইসলাম প্রচার করেন, পরে আল্লাহর নির্দেশে প্রকাশ্যে দাওয়াত শুরু হয়। এ সময় সাহাবিগণ কাফেরদের অমানবিক নির্যাতনের শিকার হন। অনেকে হাবশায় হিজরত করেন।

ষষ্ঠ বছরে হামজা (রা.) ও উমর (রা.) ইসলাম গ্রহণ করলে ইসলাম নতুন শক্তি পায়। দশম নবুয়ত বছরে স্ত্রী খাদিজা (রা.) ও চাচা আবু তালিব ইন্তেকাল করেন। এ বছরই নবীজি (সা.) তায়েফে প্রচারকালে ভয়াবহ নির্যাতনের শিকার হন। বারোতম বছরে ঘটে ইসরা-মিরাজ, ফরজ হয় পাঁচ ওয়াক্ত নামাজ। এরপর মুসলমানদের মদিনায় হিজরতের পথ উন্মুক্ত হয়। হিজরতের পর নবীজি (সা.) মদিনায় ইসলামী সমাজ প্রতিষ্ঠা করেন। মসজিদে নববী নির্মাণ, আনসার-মুহাজিরদের ভ্রাতৃত্ব গড়ে তোলা এবং ইহুদি গোত্রের সঙ্গে চুক্তি সম্পাদনড়এসব ছিল প্রথম কাজ। পরবর্তী সময়ে বদর, উহুদ, খন্দকের মতো ঐতিহাসিক যুদ্ধ, হুদাইবিয়ার সন্ধি, খায়বার ও মক্কা বিজয়, বিদায় হজসহ অসংখ্য ঘটনা মুসলিম সমাজকে সুসংগঠিত করে। হিজরি দশম বছরে বিদায় হজে তিনি মানবতার জন্য অমূল্য দিকনির্দেশনা দেন।

একই বছরে কোরআনের আয়াতে দীনকে পূর্ণাঙ্গ ঘোষণা করা হয়। একাদশ হিজরির রবিউল আউয়াল মাসের সোমবার, মহানবী (সা.)-এর দুনিয়াবি সফরের অবসান ঘটে।

## মুজিবনগরে আইবিডব্লিউএফ-এর

(প্রথম পৃষ্ঠার পর)
অনুষ্ঠানের সভাপতিত্ব করেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা উলামা পরিষদের সভাপতি হাফেজ মাওলানা ফিরাতুল ইসলাম নাঈম, আর বিশেষ অতিথি ছিলেন মুজিবনগর উপজেলা পেশাজীবী বিভাগের সভাপতি মোঃ মোশাররফ হোসেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন আইবিডব্লিউএফ মুজিবনগর উপজেলা শাখার সেক্রেটারি আসিফ আল মোনায়েম, সিনিয়র সহ-সভাপতি মোঃ আশাদুল হক, এবং সাংগঠনিক সম্পাদক জসিম উদ্দিন প্রমুখ।

## পিআরের ফয়সালাও গণভোটে চায়

(প্রথম পৃষ্ঠার পর)
এবং প্রেস ক্লাব, বিজয়নগর ও বিভিন্ন স্থানে বিক্ষোভ হয়েছে। জামায়াত ও ইসলামী আন্দোলন সংসদের উভয় কক্ষে পিআর ব্যবস্থা চালুর দাবি জানালেও অন্য পাঁচ দল শুধু উচ্চকক্ষে পিআর চাইছে। তবে সাত দলই নির্বাচনের আগে জুলাই গণহত্যার বিচার, লেভেল প্লেয়িং ফিল্ড, আওয়ামী লীগের সহযোগী সংগঠনের নিষিদ্ধকরণসহ সনদের পূর্ণ বাস্তবায়নের দাবি তুলেছে। আজ বিভাগীয় শহরগুলোতেও বিক্ষোভ করবে তারা। জামায়াতের সমাবেশ ও মিছিলের কারণে জাতীয় স্টেডিয়াম থেকে মতিঝিল পর্যন্ত সড়কে দীর্ঘ যানজট সৃষ্টি হয়। ইসলামী আন্দোলনের বিক্ষোভেও দুপুরে পল্টন ও দৈনিক বাংলা মোড়ে যান চলাচল ব্যাহত হয়। সমাবেশে জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেন, “এখনই জুলাই সনদ ও ঘোষণাকে আইনি ভিত্তি দেওয়ার সময়। সাংবিধানিক আদেশ বা গণভোটের মাধ্যমে নির্বাচনের ভিত্তি তৈরি করতে হবে। বিদ্যমান কাঠামোতে আরেকটি নির্বাচন মানে নতুন ফ্যাসিবাদের জন্ম।” তিনি বিএনপির অবস্থানের সমালোচনা করে বলেন, “কেউ কেউ বলছে এটা করা যাবে না। কিন্তু জনগণের স্বার্থেই গণভোট জরুরি।” ‘গণভোট দিন, জনগণ না চাইলে পিআর নয়’ ইসলামী আন্দোলনের জ্যেষ্ঠ নায়েবে আমির সৈয়দ মুহাম্মদ ফয়জুল করীম বলেন, “জনগণ যদি গণভোটে সমর্থন না করে, তাহলে আমরা পিআর দাবি করব না। বিএনপি কেন জনগণের ওপর আস্থা রাখতে পারছে না?” তিনি সরকারের গড়িমসির সমালোচনা করে প্রশ্ন তোলেন, “ভারত না চাইলে কি জুলাইয়ের আইনি স্বীকৃতি দেওয়া যাবে না?” যুগপৎ আন্দোলন বিশেষ কোনো দলের নেতৃত্বে নয় বলে মন্তব্য করেন ফয়জুল করীম। তার অভিযোগ, ঐকমত্য কমিশন ওপরের নির্দেশে পিআরকে আলোচনার এজেন্ডায় আনতে পারছে না। জাতীয় বিপর্যয়ের আশঙ্কা বাংলাদেশ খেলাফত মজলিসের মহাসচিব জালালুদ্দীন আহমদ বলেন, “জুলাই সনদ বাস্তবায়ন না হলে জাতীয় বিপর্যয় অনিবার্য। অন্তর্বর্তী সরকারকেই সাংবিধানিক আদেশ বা গণভোটের মাধ্যমে সনদকে আইনি ভিত্তি দিতে হবে।” বিএনপি নির্বাচনের আগে সাংবিধানিক আদেশে সংবিধান পরিবর্তনের বিরোধিতা করছে। তাদের প্রস্তাবড়সংসদে সংশোধনের পর গণভোটে জনরায় নেওয়া। অন্যদিকে ঐকমত্য কমিশন নির্বাচনের সঙ্গে গণভোট আয়োজনের প্রস্তাব করেছে। জামায়াত ও ইসলামী আন্দোলন অবশ্য নির্বাচনের আগেই গণভোটের দাবি জানাচ্ছে।

## ড. ইফতেখারুজ্জামান

(প্রথম পৃষ্ঠার পর)
নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান। শুক্রবার সকালে রাজধানীর ধানমন্ডিতে নির্বাচন কমিশন বিষয়ক সাংবাদিকদের সংগঠন আরএফইডি ও টিআইবি আয়োজিত ইলেকশন ট্রেনিং কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। ড. ইফতেখারুজ্জামান বলেন, “রাজনৈতিক দলগুলো যদি নিজেরাই সুষ্ঠু নির্বাচন না চায়, তাহলেও নিরপেক্ষ নির্বাচন করা কঠিন হবে। এজন্য নির্বাচন পর্যবেক্ষক ও গণমাধ্যমকর্মীদের নিরপেক্ষতা নিশ্চিত করা জরুরি।” তিনি আরও বলেন, প্রশাসনে এখনো আওয়ামী লীগ সরকারের ঘনিষ্ঠ অনেকেই দায়িত্বে আছেন। ফলে নির্বাচন নিয়ে শঙ্কা অমূলক নয়। তবে প্রশাসনে এখন তিন ধরনের শক্তি কাজ করছে।
যারা পূর্বতন সরকারের ঘনিষ্ঠ এবং পক্ষপাতমূলক ভূমিকা রাখছে, যারা দীর্ঘদিন বঞ্চিত থেকে এখন নিজেদের অবস্থান ফিরে পাওয়ার চেষ্টা করছে, এবং যারা সর্বোচ্চ চেষ্টা করছেন নিরপেক্ষ থেকে পেশাদারিত্ব বজায় রাখতে। টিআইবির নির্বাহী পরিচালক মনে করেন, রাতারাতি প্রশাসনকে সম্পূর্ণ নিরপেক্ষ করা বা নতুনভাবে সাজানো সম্ভব নয়। এজন্য সময় দিতে হবে। তিনি বলেন, “অল্প এক-দেড় বছরে পুরো ব্যবস্থাকে নতুন করে গুছিয়ে ফেলা সহজ নয়। তবে প্রশাসনে যারা পেশাদারিত্ব বজায় রাখতে চান, তাদের শক্তি বাড়ানোর সুযোগ তৈরি করতে হবে। তবেই স্থিতিশীলতা আসবে এবং নতুন ধরনের পেশাদারিত্ব গড়ে উঠবে।” ড. ইফতেখারুজ্জামান আরও বলেন, দেশের প্রশাসন ও শাসন কাঠামোতে দীর্ঘদিন ধরে দলীয়করণ, প্রাতিষ্ঠানিক দুর্বলতা, জবাবদিহিতার অভাব ও সুশাসনের সংকট বিদ্যমান। এ বাস্তবতায় নিরপেক্ষ নির্বাচন আয়োজন বড় চ্যালেঞ্জ হলেও এটি অসম্ভব নয়, যদি রাজনৈতিক সদিচ্ছা থাকে।

## পিআর নিয়ে আন্দোলন নির্বাচন

(প্রথম পৃষ্ঠার পর)
গণ অভ্যুত্থানের আকাঙ্ক্ষার পরিপন্থি। জন সমর্থনহীন দাবি নিয়ে কখনো আন্দোলন সফল হয় না। শুক্রবার ময়মনসিংহের হালুয়াঘাট উপজেলার জুগলি ইউনিয়নের ৪, ৫ ও ৬ নম্বর ওয়ার্ডে বিএনপির সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন প্রিন্স। তিনি জনগণকে আশ্বস্ত করেন যে, নির্বাচন ও গণতন্ত্র থেকে বিচ্যুতি জনগণ কোনোভাবেই মেনে নেবে না। এছাড়া দেশকে সম্ভাব্য বিপর্যয় থেকে রক্ষা করতে আগামী রমজানের আগেই নির্বাচন অনুষ্ঠানের দাবি জানান। সম্মেলনে প্রিন্স বিএনপি নেতাকর্মীদের ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান, ঘরে ঘরে ধানের শীষের ভোট প্রার্থনা করতে হবে। ধানের শীষে ভোট দিলে দেশ পাবে শান্তি। জুগলি ইউনিয়ন বিএনপির আহ্বায়ক ক্বারী আবুল কাশেমের সভাপতিত্বে ও সিনিয়র যুগ্ম আহ্বায়ক অব্দুল জলিলের সঞ্চালনায় বক্তব্য রাখেন উপজেলা বিএনপির আহ্বায়ক আসলাম মিয়া বাবুল, সদস্য সচিব আবু হাসনাত বদরুল কবীর, সাবেক যুগ্ম আহবায়ক অধ্যাপক মেহেবুবুর রহমান মুকুল প্রমুখ।

## সুষ্ঠু নির্বাচন দিলে আওয়ামী লীগের

(প্রথম পৃষ্ঠার পর)
ক্লাবের সামনে প্রতীকী যুব সমাবেশে তিনি এ মন্তব্য করেন। বাংলাদেশ নাগরিক অধিকার আন্দোলন জাতীয় নির্বাচন বানচালের ষড়যন্ত্রের প্রতিবাদে এ সমাবেশের আয়োজন করে। দুদু বলেন, “বাংলাদেশে বর্তমানে সবচেয়ে বড় প্রয়োজন একটি গ্রহণযোগ্য নির্বাচন। এ নির্বাচনের প্রত্যাশায় দীর্ঘ ১৬-১৭ বছর ধরে আন্দোলন-সংগ্রামে অনেক তরুণ প্রাণ দিয়েছে, লক্ষাধিক নেতাকর্মীর নামে মামলা হয়েছে, অনেকে নির্বাসিত জীবনযাপন করছেন।” তিনি অভিযোগ করেন, আওয়ামী লীগ সরকার জনগণের ভোটাধিকার কেড়ে নিয়েছে, দেশের সম্পদ বিদেশে পাচার করেছে এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতে বসে ষড়যন্ত্র করছেন। তিনি আরও হুঁশিয়ারি দেন, “তারা যদি আবারও নির্বাচন বানচালের ষড়যন্ত্র করে, জনগণ তা আর মেনে নেবে না। সম্মিলিতভাবে প্রতিহত করবে।” বিএনপির এই জ্যেষ্ঠ নেতা বলেন, নির্বাচনের ঘোষণা এলেই দেশে স্বাভাবিক অবস্থা ফিরবে এবং জনগণ তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবে। সেই নির্বাচনের মাধ্যমে বিএনপি পুনরায় ক্ষমতায় আসবে। তিনি আশা প্রকাশ করেন, আগামী দিনে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও খালেদা জিয়ার জ্যেষ্ঠপুত্র তারেক রহমান দেশের নেতৃত্বে এসে স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা করবেন এবং গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা করবেন। দুদু আরও বলেন, “বেগম খালেদা জিয়া ও তারেক রহমান বহুবার দেশের মানুষের ভোটাধিকার ফিরিয়ে দেওয়ার আহ্বান জানিয়েছেন। কিন্তু আওয়ামী লীগ তা উপেক্ষা করেছে। সে কারণেই তাদের এই পরিণতি হয়েছে। যদি তারা সুষ্ঠু নির্বাচন দিত, গণতন্ত্র টিকিয়ে রাখতড় তবে এমন পরিস্থিতি তৈরি হতো না।” সমাবেশে সভাপতিত্ব করেন বাংলাদেশ নাগরিক অধিকার আন্দোলনের সভাপতি এম জাহাঙ্গীর আলম। সঞ্চালনা করেন সংগঠনের সদস্য সচিব ইঞ্জিনিয়ার মোফাজ্জল হোসেন হৃদয়। অনুষ্ঠানে আরও বক্তব্য দেন বিএনপির প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক এ বি এম মোশাররফ হোসেন, নির্বাহী কমিটির সদস্য আবু নাসের মো. রহমতুল্লাহ, বিলকিস ইসলাম, প্রিন্সিপাল শাহ মোহাম্মদ নেসারুল হক, মৎস্যজীবী দলের নেতা ইসমাইল হোসেন সিরাজী, কৃষক দলের নেতা আব্দুর রাজী ও ছাত্রদল নেতা শামীম আখন্দ প্রমুখ।

## কিশোরগঞ্জ জেলা বিএনপির সম্মেলন

(প্রথম পৃষ্ঠার পর)
ফখরুল ইসলাম আলমগীর। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এবং সম্মেলনের প্রধান বক্তা হবেন যুগ্ম মহাসচিব হাবিব উন নবী খান সোহেল। জেলা শহরের বিভিন্ন সড়ক-মহল্লায় সম্মেলনের প্রস্তুতি হিসেবে মঞ্চ বানানো, তোরণ ও ব্যানার-ফেস্টুনের কাজ তুঙ্গে চলছে। কিন্তু এবারের সম্মেলনে কিশোরগঞ্জের আলোচিত নেতা ও বীর মুক্তিযোদ্ধা অ্যাডভোকেট মো. ফজলুর রহমানকে অতিথি করা হয়নি; সম্মেলনের অফিসিয়াল ব্যানার ও দাওয়াতপত্রে তার নাম অনুপস্থিত। বিএনপির মূল প্ল্যাটফর্ম থেকে জানা যায়, জুলাই মাসে গণঅভ্যুত্থান সংক্রান্ত বিভ্রান্তিকর বক্তব্যের অভিযোগে তাকে তিন মাসের জন্য দলীয় সদস্যপদসহ সব স্তরের পদ থেকে স্থগিত করা হয়েছে। ফজলুর রহমান দীর্ঘদিন ধরে বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা ছিলেন এবং স্থানীয় রাজনৈতিক অঙ্গনে তার শক্ত অবস্থান রয়েছে। স্থগিতাদেশের পর তিনি বিভিন্ন অনুষ্ঠানে ও সামাজিক যোগাযোগমাধ্যমে দলের উচ্চ নেতৃত্বের কাছে স্থগিতাদেশ প্রত্যাহারের আকুল আবেদন জানিয়ে আসছেন। সম্প্রতি এক গণসংবর্ধনায় তিনি বলেন, “আমি ধর্ম বিদ্বেষী নই, জামায়াত বিদ্বেষী। আমি ধানের শীষ প্রতীক নিয়ে নির্বাচন করতে চাই” পাশাপাশি তিনি দলের কাছে তার স্থগিতাদেশ তুলে নেওয়ার অনুরোধ জানান। ফজলুর রহমান আরও জানান, তিনি কিশোরগঞ্জে দীর্ঘ আট বছর নেতৃত্ব দিয়েছেন এবং ব্যক্তিগতভাবে সম্মেলনে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করছেন। স্থগিতাদেশ সম্পর্কিত ফজলুরের বক্তব্যে তিনি বলেছেন, “দল আমাকে তিন মাসের জন্য স্থগিতাদেশ দিয়েছে, আমি মাথা ঠান্ডা করে নিয়েছি; তবুও সম্মেলনের আগে এটি তুলে নিয়ে আমাকে সম্মেলনে অংশগ্রহণ করার সুযোগ দিন।” ৭৮ বছর বয়সী এই নেতা বলেন, তার রাজনৈতিক সময় শেষের দিকে এবং একটি সংখ্যার জন্য সুযোগ হারানো কাম্য নয় ড় যদি স্থগিতাদেশ প্রত্যাহার না করা হয় তবে তিনি রাজনৈতিক বিকল্প বা দল ত্যাগের কথা বিবেচনা করতে পারেন। দলের পক্ষ থেকে কিশোরগঞ্জ সম্মেলন ও ফজলুর রহমানের স্থগিতাদেশ সম্পর্কে আনুষ্ঠানিক কোনো বক্তব্য রিপোর্টিংয়ের সময় পাওয়া যায়নি। স্থানীয় নেতাকর্মীদের মধ্যে সম্মেলনকে কেন্দ্র করে উৎসাহ বিরাজ করলেও ফজলুরের অনুপস্থিতি নিয়ে আলোচনা চলছে; তার অনুসারী ও সমর্থকদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া দেখা গেছে।

## আলমডাঙ্গায় ২০১ বোতল মদসহ

(প্রথম পৃষ্ঠার পর)
অস্থায়ী ক্যাম্পের সদস্য এবং আলোচনা থানার এসআই আলমগীর কবিরের নেতৃত্বে গোপন সংবাদের ভিত্তিতে খুদিয়াখালী গ্রামে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। অভিযানকালে আটককৃতদের কাছ থেকে ২০১ বোতল কেরুজ মদ উদ্ধার করা হয়েছে। আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাসুদুর রহমান ঘটনাটি নিশ্চিত করে জানান, আটককৃতদের বিরুদ্ধে থানায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ৩৬ (১) সারণি ২৪ (গ)/৪১ ধারায় মামলা করা হয়েছে। দুপুরে তাদের চুয়াডাঙ্গা আদালতে প্রেরণ করা হয়েছে।

## হেফাজতে ইসলাম বিএনপির দিকে

(প্রথম পৃষ্ঠার পর)
জমিয়তে উলামায়ে ইসলাম এরই মধ্যে বিএনপির সঙ্গে সমঝোতায় রয়েছে। হেফাজতের আমির মুহিব্বুল্লাহ বাবুনগরী সম্প্রতি জামায়াতকে ‘ভণ্ড ইসলামী দল’ আখ্যা দিয়ে বলেন, তারা মওদুদীর মতাদর্শ প্রতিষ্ঠা করতে চায়, যা ইসলামের সঠিক ধারা নয়। তার দাবি, জামায়াত ক্ষমতায় এলে কওমি মাদ্রাসার অস্তিত্ব হুমকিতে পড়বে। যদিও জামায়াত এসব অভিযোগ ভিত্তিহীন বলে উড়িয়ে দিয়েছে। গত এপ্রিলেই হেফাজতের মহাসচিব সাজিদুর রহমানসহ জ্যেষ্ঠ নেতারা বিএনপি চেয়ারপারসনের গুলশান কার্যালয়ে বৈঠক করেছেন। একই মাসে বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে বৈঠক করলেও জামায়াতের সঙ্গে বসেননি তারা। বিএনপি নেতারাও হাটহাজারীর হেফাজত সদর দপ্তরে গিয়ে সৌহার্দ্যের বার্তা দিয়েছেন। হেফাজতের সঙ্গে সংশ্লিষ্ট কিছু দলের নেতারা জানিয়েছেন, জামায়াত প্রতিষ্ঠাতা মওদুদীর আদর্শের বিরোধিতা দীর্ঘদিন ধরে কওমি মুরব্বিদের চিন্তার অংশ। এ কারণে তারা জামায়াতের বিরোধিতা করে বিএনপির দিকে ঝুঁকছেন। তবে তরুণ প্রজন্ম মতাদর্শের চেয়ে বাস্তব পরিস্থিতিকে গুরুত্ব দিচ্ছে। অন্যদিকে জামায়াতের সঙ্গে যুগপৎ আন্দোলনে যুক্ত হয়েছে খেলাফত মজলিস, বাংলাদেশ খেলাফত মজলিস, খেলাফত আন্দোলন, নেজামে ইসলাম পার্টি ও ইসলামী আন্দোলন। এ দলগুলো ‘একবাক্সে ভোট আনার’ স্লোগান তুলে নির্বাচনী সমঝোতার চেষ্টা চালাচ্ছে। জামায়াতের নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মো. তাহের বলেন, “জামায়াত কখনো কওমি মাদ্রাসার বিরোধী ছিল না, ভবিষ্যতেও থাকবে না। ইসলাম ও দেশের স্বার্থে কওমি ধারাসহ গণতন্ত্রে বিশ্বাসী সব দলকেই স্বাগত জানাই।” দীর্ঘদিন ধরে জামায়াতের সমালোচক ইসলামী আন্দোলনও এখন তাদের সঙ্গে ঘনিষ্ঠ হচ্ছে। দলটির মহাসচিব ইউনূস আহমাদ জানিয়েছেন, জোট আনুষ্ঠানিক হয়নি, তবে পিআর পদ্ধতির দাবিতে জামায়াতের সঙ্গে অবস্থান কাছাকাছি। বিএনপি নেতাদের ভাষ্য, তারা সব দলের সঙ্গেই সৌহার্দ্য বজায় রাখতে চান। তবে সমালোচকরা মনে করেন, কিছু ইসলামি দল বিএনপির দিকে থাকলে নির্বাচনের সময় ‘মৌলবাদ’ ইস্যুকে ভিন্নভাবে উপস্থাপন করা সম্ভব হবে। হেফাজত নেতাদের মতে, সংগঠনটি অরাজনৈতিক চরিত্র বজায় রাখবে। রাজনৈতিকভাবে যারা যুক্ত আছেন, তারা নিজ নিজ সিদ্ধান্ত নেবেন। আমিরের জামায়াতবিরোধী বক্তব্য ব্যক্তিগত মত, সংগঠনের নয় বলেও জানিয়েছেন হেফাজতের নায়েবে আমির মাওলানা মহিউদ্দিন রাব্বানী।

## সাহিত্য ও শিক্ষায় এক অনন্য পথিক

(প্রথম পৃষ্ঠার পর)
বন্দ্যোপাধ্যায়ড়এই প্রিয় লেখকদের সাহিত্য থেকে অনুপ্রাণিত হয়ে জয়নুল ইসলাম রাজু আধুনিক বাংলা সাহিত্যে নতুন মাত্রা যোগ করছেন। তাঁর একাধিক পাণ্ডুলিপি প্রস্তুত রয়েছে, তবে প্রকাশের অপেক্ষায় রয়েছে। ব্যক্তিজীবনে তিনি একজন প্রফেশনাল শিক্ষা কর্মকর্তা। মেহেরপুরের গাংনীতে সহকারি উপজেলা শিক্ষা অফিসার হিসেবে কর্মরত, স্থানীয় শিক্ষা ব্যবস্থার উন্নয়নে তিনি নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। শিক্ষকতার সঙ্গে সাহিত্যচর্চা একসঙ্গে পরিচালনা করে তিনি স্থানীয় সমাজে শিক্ষার মান বৃদ্ধি ও সাহিত্যচেতনা ছড়িয়ে দিতে অবদান রাখছেন। দাম্পত্য জীবনে তিনি দুই কন্যার জনক। ১৯৭৮ সালের ১ নভেম্বর মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামে জন্ম নেওয়া জয়নুল ইসলাম রাজু আজ সাহিত্য ও শিক্ষাক্ষেত্রে এক অনন্য আলোকবর্তিকা হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেছেন। তিনি প্রমাণ করেছেন, সাহিত্য কেবল রচনা নয়; এটি একটি শক্তি, যা মানুষকে মানবিক ও সুন্দর জীবনের দিকে পরিচালিত করতে পারে। কবি, প্রবন্ধক এবং শিক্ষকড়এই তিন দিকেই জয়নুল ইসলাম রাজু আধুনিক বাংলা সাহিত্যে এক স্থায়ী ছাপ রেখে চলেছেন।

## ঝিনাইদহে চোর সন্দেহে যুবককে

(প্রথম পৃষ্ঠার পর)
সময় সুজন অসুস্থ হয়ে পড়ে। তখন সেখানে জড়ো হওয়া লোকজন তাকে ফেলে রেখে চলে যায়। পরে বৃহস্পতিবার বিকালে কয়েকজন ব্যক্তি তাকে গুরুতর অসুস্থ অবস্থায় হাসপাতালে ভর্তি করে। চিকিৎসাধীন অবস্থায় শুক্রবার দুপুরে তিনি মারা যান।
এ তথ্য নিশ্চিত করে সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন বলেন, এ ঘটনার সাথে জড়িতদের আইনের আওতায় এনে শাস্তি প্রদান করা হবে।

## মোহামেডানকে হারিয়ে টানা

(শেষ পৃষ্টার পর)
হয়ে জোড়া গোল দেন দোরিয়েলতন গোমেস নাসিমেন্তো। একটি করে গোল রাফায়েল আগুস্তো ও ইমানুয়েল সানডের। মোহামেডানের হয়ে একটি গোল শোধ করেন মোজাফ্ফর মোজাফ্ফরভ। পুরো ম্যাচের মতো প্রথম দিকে খেলা কিন্তু একতরফা ছিল না। প্রথমে অবশ্য এগিয়ে যায় কিংসই। সপ্তম মিনিটে সোহেল রানার থ্রু পাস ধরতে বক্সে ঢুকে পড়া দোরিয়েলতনকে বক্সের ভেতরে পেছন ফাউল করেন মেহেদী হাসান মিঠু। পেনাল্টির বাঁশি বাজান রেফারি। সুজন হোসেনকে বিপরীত দিকে ছিটকে দিয়ে কিংসকে এগিয়ে নেন দোরিয়েলতন। ৬ মিনিট পরই ম্যাচে সমতায় ফেরে মোহামেডান। দারুণ এক স্পট কিকে সাদা-কালোদের সমতায় ফেরান মোজাফ্ফরভ। সমতার স্বস্তি আসে মোহামেডান শিবিরে। প্রথমার্ধে ১-১ সমতায় শেষ হয় ম্যাচ। ৬২তম মিনিটে বড় ধাক্কা খায় কিংস। মোহামেডানের মিনহাজুর আবেদিন রাকিবকে ফাউল করে দ্বিতীয় হলুদ কার্ড দেখেন মিডফিল্ডার সোহেল। তবে ১০ জনের দল নিয়েই আসল খেলাটা দেখায় কিংস। ৭২তম মিনিটে রাফায়েলের দুর্দান্ত এক ভলি জালে জড়ায়। ২-১ ব্যবধানে এগিয়ে যায় কিংস। ক্ষাণিক পরে ব্যবধান আরও বাড়িয়ে নেয় কিংস। দোরিয়েলতনের বুদ্ধিদীপ্ত পাস ধরে ইমানুয়েল সানডে নিখুঁত শটে বল প্রতিপক্ষের জালে জড়ান। ৮৬ মিনিটে দোরিয়েলতন দলের চতুর্থ ও নিজের দ্বিতীয় গোল দিলে শিরোপা নিশ্চিত হয় কিংসের।

## সউদী-পাকিস্তান ঐতিহাসিক চুক্তি

(শেষ পৃষ্টার পর)
মন্ত্রণালয়ের ভাষ্য, এই চুক্তি দুই দেশের নিরাপত্তা জোরদার ও আঞ্চলিক শান্তি প্রতিষ্ঠায় যৌথ প্রতিশ্রুতির প্রতিফলন। ১৯৪৭ সালে স্বাধীনতার পর সৌদি আরব প্রথম পাকিস্তানকে স্বীকৃতি দেয়। ১৯৫১ সালে দুই দেশ বন্ধুত্ব চুক্তি করে এবং ১৯৮২ সালে প্রতিরক্ষা সহযোগিতা আরও গভীর হয়। এখন পর্যন্ত প্রায় ৮ হাজার সৌদি সেনা পাকিস্তানে প্রশিক্ষণ নিয়েছেন, অন্যদিকে বহুবার পাকিস্তানি সেনারা সৌদি আরবে মোতায়েন হয়েছেন। এই চুক্তি এমন সময়ে স্বাক্ষর হলো, যখন মধ্যপ্রাচ্যজুড়ে অস্থিরতা বিরাজ করছে। গাজায় দীর্ঘমেয়াদি ইসরায়েলি হামলা, কাতারে সাম্প্রতিক আক্রমণ এবং প্রতিবেশী দেশগুলোর অস্থিরতা উপসাগরীয় নিরাপত্তাকে নাজুক করে তুলেছে। অন্যদিকে দক্ষিণ এশিয়ায় চলতি বছরের মে মাসে ভারত-পাকিস্তানের চার দিনের সংঘাতে পরিস্থিতি পূর্ণাঙ্গ যুদ্ধের দ্বারপ্রান্তে পৌঁছে যায়।